NARSINGHA

ই-পেপার: www.ekdin-epaper.com

# একদিন

EKDIN

এগিয়ে চলার সঙ্গী







২ শিল্পে গতি আনতে ঝাড়গ্রামে দেড়শো একর জমি ফ্রি-হোল্ড

তৃণমূলিরা লুটেরাদের সদস্য, রাজনৈতিক কর্মী নয়: শমীক ২

কলকাতা ৪ নভেম্বর ২০২৫ ১৭ কার্তিক ১৪৩২ মঙ্গলবার উনবিংশ বর্ষ ১৪৩ সংখ্যা ৮ পাতা ৩.০০ টাকা ■ Kolkata 04.11.2025, Vol.19, Issue No. 143, 8 Pages, Price 3.00

# বাড়ি-বাড়ি বিএলওরা, রাজপথে মমতা

## ‘গণতন্ত্রের নয়া অধ্যায়’

**লখনউ, ৩ নভেম্বর:** দেশজুড়ে শুরু হওয়া ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন বা ‘এসআইআর’ প্রক্রিয়াকে ভারতের গণতান্ত্রিক ব্যবস্থার এক ঐতিহাসিক মুহূর্ত হিসেবে দেখছেন মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার। আইআইটি কানপুরের এক অনুষ্ঠানে রবিবার বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, ‘এই প্রক্রিয়া একদিন গোটা জাতির গর্বের বিষয় হয়ে উঠবে। ভারতের নির্বাচনী ব্যবস্থার সততা, শুদ্ধতা এবং স্বচ্ছতা বজায় রাখার পথে এটি এক অনন্য মাইলফলক।’

জ্ঞানেশ কুমার, যিনি নিজে আইআইটি কানপুরের প্রাক্তন ছাত্র, বলেন যে বিহারে ইতিমধ্যেই বিশ্বের বৃহত্তম ভোটার তালিকা শুদ্ধিকরণ সম্পন্ন হয়েছে। তাঁর বক্তব্য অনুযায়ী, ‘শুধু বিহারেই নয়, যখন ১২টি রাজ্যের ৫১ কোটি ভোটারের মধ্যে একই রকম শুদ্ধিকরণ হবে, তখন তা এক ঐতিহাসিক সাফল্য হিসেবে চিহ্নিত হবে। ভারতের নির্বাচন কমিশন এবং দেশের জনগণ উভয়েই এই উদ্যোগে গর্ব অনুভব করবেন।’

তিনি আরও জানান, বিহারের অভিজ্ঞতা অন্য রাজ্যগুলির জন্য পথপ্রদর্শক হবে। কারণ, সেই রাজ্যের ভোটার তালিকা এখন ‘একেবারে শুদ্ধ’। তাঁর দাবি, এই উদ্যোগ ভোটার তালিকা সংক্রান্ত অনিয়ম ও বিভ্রান্তি দূর করতে সক্ষম হয়েছে। ভবিষ্যতে এই পদ্ধতি দেশের প্রতিটি অংশে পৌঁছলে ভারতের গণতন্ত্র আরও দৃঢ় ও বিশ্বাসযোগ্য হয়ে উঠবে বলে আশা প্রকাশ করেন মুখ্য নির্বাচন কমিশনার।

বিহারে আগামী ৬ ও ১১ নভেম্বর দুই দফায় বিধানসভা নির্বাচন হবে, আর ভোটগণনা ১৪ নভেম্বর। তার আগে ওই রাজ্যে শুদ্ধিকরণ প্রক্রিয়া সম্পূর্ণ হয়েছে। সূত্রের খবর, সেখানে প্রায় ৩০ লক্ষ নাম ভোটার তালিকা থেকে বাদ গিয়েছে, যাদের মধ্যে রয়েছেন মৃত ভোটার এবং এমন কিছু ব্যক্তি, যারা অন্য রাজ্য থেকে এসে বেআইনিভাবে বিহারের তালিকায় নাম তুলেছিলেন। কমিশনের দাবি, এই পদক্ষেপের ফলে ভোটার তালিকা আরও নির্ভুল হয়েছে এবং নির্বাচনী প্রক্রিয়া হয়েছে স্বচ্ছ।

কমিশনের পরিকল্পনা অনুযায়ী, নভেম্বর থেকে ফেব্রুয়ারির মধ্যে ওই ১২ রাজ্যে ভোটার তালিকা সংশোধনের কাজ শেষ করা হবে। পশ্চিমবঙ্গে এসআইআর শুরু হবে ৪ নভেম্বর থেকে। মুখ্য নির্বাচন কমিশনারের কথায়, ‘বিহারের মতোই বাংলাতেও আমরা চাই একটি সম্পূর্ণ স্বচ্ছ, নিখুঁত ও নির্ভুল ভোটার তালিকা তৈরি করতে। এর মাধ্যমে নির্বাচনী প্রক্রিয়ায় নাগরিকদের আস্থা আরও বাড়বে।’

জ্ঞানেশ কুমারের মতে, ভারতের মতো বিশাল গণতান্ত্রিক দেশে এই



উদ্যোগ এক অভূতপূর্ব নজির। তাঁর বক্তব্য, ‘বিশ্বের অন্য কোনও গণতন্ত্র এত বৃহৎ পরিসরে ভোটার তালিকা যাচাইয়ের সাহস দেখায়নি। আমরা সেটা করছি।’

দেশের নির্বাচন ইতিহাসে এটি নিঃসন্দেহে এক অভাবনীয় পদক্ষেপ। কারণ, এত বিশাল সংখ্যক ভোটারের তথ্য একই সময়ে যাচাই করা আগে কখনও হয়নি। নির্বাচন কমিশনের আশা, এই উদ্যোগ সফল হলে আগামী নির্বাচনে জাল ভোট, ভুয়ো নাম, এবং অবৈধ ভোটদানের অভিযোগ অনেকটাই কমে যাবে।

জ্ঞানেশ কুমার শেষে বলেন, ‘‘গণতন্ত্র তখনই শক্তিশালী হয়, যখন প্রতিটি ভোট সঠিক হাতে যায় এবং প্রতিটি নাগরিকের পরিচয় নিখুঁতভাবে নিশ্চিত করা হয়। এই ‘শুদ্ধিকরণ প্রক্রিয়া’ সেই দিকেই আমাদের নিয়ে যাচ্ছে। ভারতের গণতন্ত্র আরও এক ধাপ পরিণত হচ্ছে।’

## মিছিলে শুভেন্দুও

**নিজস্ব প্রতিবেদন আজ পথে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও। কলকাতা হাইকোর্টের শর্তসাপেক্ষে মিছিলের অনুমতির পরই এদিন সোদপুর থেকে আগরপাড়া তেঁতুলতলা বাস স্টপ পর্যন্ত মিছিল করবে বিজেপি। এই মিছিলে আপত্তি ছিল রাজ্যের। অনুমতি মেলেনি পুলিশের তরফ থেকে। এরপরই আদালতের দ্বারস্থ হয় বিজেপি। এদিন বিচারপতি রাজ্যের আপত্তি খারিজ করে দেন। তবে বেশ কয়েকটি শর্ত দিয়েছে আদালত। বিকাল ৩ টে থেকে সন্ধে ৫ টা পর্যন্ত মিছিল করতে পারবে বিজেপি। মিছিল শেষে, সংক্ষিপ্ত বক্তব্য রাখতে পারবেন রাজ্য বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।**

## আজই শুরু এসআইআর

**নিজস্ব প্রতিবেদন:** আজ সকাল থেকেই পশ্চিমবঙ্গে শুরু হচ্ছে ভোটার তালিকার বিশেষ পুনর্বীক্ষণ প্রক্রিয়া। নির্বাচন কমিশনের নিযুক্ত বুথ লেভেল অফিসার বা বিএলওরা সেদিন থেকেই ভোটারদের বাড়ি বাড়ি গিয়ে এনুমারেশন ফর্ম বিতরণের কাজ শুরু করবেন। সেই ফর্ম পূরণ করে ভোটারদের ফেরত দিতে হবে নির্দিষ্ট সময়ের মধ্যে।

কমিশনের নির্দেশ অনুসারে, প্রতিটি বুথে বিএলওদের সঙ্গে উপস্থিত থাকবেন রাজনৈতিক দলের প্রতিনিধি বুথ লেভেল এজেন্ট বা বিএলএ-রা। এই ব্যবস্থা নেওয়া হয়েছে যাতে ভোটার তালিকা সংশোধনের সমস্ত কাজ স্বচ্ছভাবে সম্পন্ন হয় এবং কোনও প্রকার গড়মিল ঘটলে সঙ্গে সঙ্গেই তা চিহ্নিত করা যায়। বিশেষত, বিএলএ-২ নামের প্রতিনিধিরা প্রতিটি বাড়ি পরিদর্শনের সময় বিএলওর সঙ্গে থাকবেন এবং কোনও ত্রুটি নজরে এলে তা অবিলম্বে জানাবেন সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে।

তবে কমিশনের সূত্রে জানা গিয়েছে, সব বুথেই এখনো বিএলএ নিয়োগ সম্পূর্ণ হয়নি। একাধিক জায়গায় শূন্যতা রয়েছে। এজন্য কমিশন গত সপ্তাহেই সর্বদল বৈঠকে জানায়, প্রতিটি দল যেন দ্রুত বুথভিত্তিক এজেন্টের নাম জমা দেয়। কমিশন আরও জানিয়েছে, প্রত্যেক বিএলএ সর্বোচ্চ ৫০টি ফর্ম জমা দিতে পারবেন।

তৃণমূল সূত্রে খবর, বুথ লেভেল এজেন্ট নিয়োগের ক্ষেত্রে শুরুতে কিছুটা পিছিয়ে ছিল রাজ্যের শাসকদল। তবে তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় ইতিমধ্যেই দলের প্রায় ১৮ হাজার নেতার সঙ্গে ভার্চুয়াল বৈঠক করে নির্দেশ দিয়েছেন। আগামী কয়েক মাস কমিশনের নিযুক্ত বিএলওদের সঙ্গে সারাক্ষণ যোগাযোগ রেখে কাজ করতে হবে বিএলএদের। তাঁর আহ্বান, ‘একটিও নাম যেন ভুলবশত ভোটার তালিকা থেকে বাদ না পড়ে।’ পাশাপাশি, তিনি সোমবার অর্থাৎ ৩ নভেম্বরের মধ্যে সমস্ত বুথে বিএলএ-২ নিয়োগের নাম কমিশনে জমা দেওয়ার নির্দেশ দিয়েছেন।

উল্লেখযোগ্যভাবে, এই এসআইআর শুরু হয়েছিল গত ২৮ অক্টোবর থেকে। ওই দিন থেকেই দেশের ১২টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে একযোগে এনুমারেশন ফর্ম ছাপানোর কাজ এবং বিএলওদের প্রশিক্ষণ পর্ব শুরু হয়, যা ৩ নভেম্বর পর্যন্ত চলবে। পরের দিন থেকেই অর্থাৎ ৪ নভেম্বর থেকে ৪ ডিসেম্বর পর্যন্ত ভোটার যাচাইয়ের কাজ চলবে। যারা রাজ্যের বাইরে অবস্থান করছেন বা বিদেশে রয়েছেন, তাঁরাও অনলাইনে ফর্ম পূরণের মাধ্যমে নাম অন্তর্ভুক্ত বা সংশোধনের আবেদন করতে পারবেন।

কমিশন জানিয়েছে, খসড়া ভোটার তালিকা প্রকাশিত হবে আগামী ৯ ডিসেম্বর। এই তালিকা নিয়ে কোনও অভিযোগ থাকলে ৯ ডিসেম্বর থেকে ৮ জানুয়ারির মধ্যে জানাতে হবে সংশ্লিষ্ট দপ্তরে। এরপর ৯ ডিসেম্বর থেকে ৩১ জানুয়ারি পর্যন্ত চলবে অভিযোগ গ্রহণ ও যাচাই-বাছাই পর্ব। অবশেষে, সমস্ত তথ্য বিশ্লেষণের পর চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে ৭ ফেব্রুয়ারি।

## আতঙ্কে মৃত ডানকুনিতে!

**নিজস্ব প্রতিবেদন, ডানকুনি: এসআইআর আতঙ্কে ফের মৃত্যুর অভিযোগ। মৃতের নাম হাসিনা বেগম। বয়স ৬০ বছর। তিনি ডানকুনি পুরসভার ২০ নম্বর ওয়ার্ডের নজরুলপল্লীর একটি ভাড়া বাড়িতে মেয়ের সঙ্গেই থাকতেন। পরিবারের দাবি, ২০০২ সালের ভোটার লিস্টে হাসিনা বেগমের নাম নেই। আর তা জানার পর থেকেই আশঙ্কায় ছিলেন তিনি। ঘটনার খবর পেয়েই এলাকায় ছুটে গিয়েছেন ডানকুনি পুরসভার পুরপ্রধান হাসিনা শবনম।**

**জানা গিয়েছে, তিনি হুগলি জেলার ডানকুনি পুরসভার ১৩নং ওয়ার্ডের বাসিন্দা। কিন্তু বয়স হওয়ার কারণে থাকতেন মেয়ের কাছেই। ওই বৃদ্ধার মেয়ে ডানকুনি পুরসভার ২০ নং ওয়ার্ডের বাসিন্দা।**

## মৃত্যু দিঘাতেও!

**নিজস্ব প্রতিবেদন: দিঘায় এক হোটেল মালিক হৃদ্‌রোগে আক্রান্ত হয়ে মারা যাওয়ার পর এসআইআরকে দায়ী করেছে পরিবার। একই কথা বলছেন তৃণমূল নেতৃত্বও। এসআইআরের আবহে এই মৃত্যু নিয়ে শুরু হয়েছে রাজনৈতিক শোরগোল।**

**পূর্ব মেদিনীপুরের রামনগর-১ ব্লকের কাঁটাবনী গ্রামের বাসিন্দা শেখ সিরাজউদ্দিন মারা গিয়েছেন রবিবার। শেষকৃত্যও সম্পন্ন হয়েছে। কিন্তু সেখানেও জুড়ল এসআইআর-আতঙ্কের দাবি। পরিবারের বক্তব্য, এসআইআরের কথা ভেবে বিভিন্ন নথিপত্র খুলে বসেছিলেন সিরাজ। কোনও একটি নথিতে বাবার নাম ভুল দেখে তিনি চিন্তায় পড়ে যান। বাড়ির সকলকে সেই কথা বলেন উদ্বিগ্ন প্রৌঢ়। তার পরেই তিনি হৃদ্‌রোগে আক্রান্ত হয়েছেন।**

## তৃণমূলের প্রতিবাদ

**নিজস্ব প্রতিবেদন: রাজ্যজুড়ে শুরু হচ্ছে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়া। বাড়ি বাড়ি যাবেন বুথ লেভেল অফিসাররা। এর আগেই মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ও তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় দাবি তুলেছেন, কোনও বৈধ ভোটারের নাম বাদ দেওয়া যাবে না। সেই দাবিতেই মঙ্গলবার রাজপথে নামছেন মুখ্যমন্ত্রী ও তৃণমূল নেতৃত্ব।**

**নবান্ন সূত্রে খবর, সোমবার মন্ত্রিসভার বৈঠকে মুখ্যমন্ত্রী মন্ত্রীদের কড়া নির্দেশ দিয়েছেন, যতদিন এসআইআর চলবে, ততদিন মন্ত্রীরা নিজেদের জেলা ও বিধানসভা এলাকায় থাকতে হবে। সাধারণ মানুষের যাতে কোনও অসুবিধা না হয়, তা নিশ্চিত করতে বলা হয়েছে সকল প্রশাসনিক কর্তাদের।**

**জানা গিয়েছে, শহর কলকাতা থেকে দূরে যাঁরা আছেন, তাঁদেরও নির্দেশ দেওয়া হয়েছে, মঙ্গলবারের আগে নিজেদের জেলায় পৌঁছে যেতে। এসআইআর শুরুর প্রাক্কালে এদিন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ও সুর চড়িয়েছেন। তাঁর অভিযোগ, ‘বাংলার সঙ্গে বৈমাতৃসুলভ আচরণ করা হচ্ছে। রাজ্যের প্রাপ্য টাকা আটকে রাখা হচ্ছে, আবার ভয় দেখানো হচ্ছে।’ তিনি জানান, এসআইআর নিয়ে আতঙ্কে বহু মানুষ ভুগছেন এবং গত কয়েক দিনে রাজ্যে ৬ জনের মৃত্যু হয়েছে।**

**অভিষেকের হুঁশিয়ারি, ‘এসআইআর করে নাম বাদ দিয়েও তৃণমূলের ভোট আরও বাড়বে। যারা বিজেপির তল্পিবাহক হিসেবে কাজ করছে, তাদের বিরুদ্ধে লড়াই আরও তীব্র হবে।’**




# ক্রিকেট সবার, বার্তা হরমনের

**নিজস্ব প্রতিবেদন:** কিছু স্বপ্ন ব্যক্তিগত নয়, কোটি কোটি মানুষের। হরমনপ্রীত কৌর ও তাঁর দলের বিশ্বকাপ জয় সেই স্বপ্নেরই বাস্তব রূপ। এই জয় শুধু একটা ট্রফি নয়, বরং এক সামাজিক বার্তা, ‘ক্রিকেট সবার খেলা।’ এতদিন ক্রিকেটকে বলা হত ‘জেন্টলম্যানস গেম’। কিন্তু এবার ইতিহাস বলছে, ক্রিকেট কেবল পুরুষদের খেলা নয়। কারণ বিশ্বজয়ের দিন ভারতীয় নারী দল দেখিয়ে দিল, প্রতিভা ও অধ্যবসায়ের সামনে লিঙ্গের কোনও বিভাজন থাকে না।

বিশ্বকাপ জয়ের পর হরমনপ্রীতের ইনস্টাগ্রাম পোস্ট যেন গোটা দেশের মনের কথা বলল। ছবিতে তিনি ট্রফি জড়িয়ে ঘুমোচ্ছেন, আর তাঁর শার্টে লেখা-‘ক্রিকেট ইজ এভরিওয়ান গেম।’ সেই শার্টে ‘জেন্টলম্যান’ শব্দটা কেটে দেওয়া, যেন প্রতীকীভাবে ভেঙে দেওয়া হল বহু বছরের প্রথা ও লিঙ্গবৈষম্যের প্রাচীর। ক্যাপশনও যেন গর্জে উঠল, ‘কিছু স্বপ্ন কোটি কোটি মানুষের জন্য।’ এই কথাগুলিই আজ কোটি ভারতবাসীর আবেগের প্রতিধ্বনি।

এই দলের প্রতিটি সদস্যের যাত্রা ছিল সংগ্রামের। কেউ পারিবারিক আপত্তি পেরিয়ে, কেউ সমাজের তাচ্ছিল্য সহ্য করে পৌঁছেছেন এখানে। ফাইনালের নায়ক শেফালি বর্মার গল্পই ধরুন, ছোটবেলায় মেয়েদের ক্রিকেট খেলার অনুমতি মেলেনি। তাই ছেলেদের পোশাক পরে, ‘ছেলে’ সেজে স্থানীয় টুর্নামেন্টে খেলতেন। আজ সেই শেফালিই ভারতকে বিশ্বচ্যাম্পিয়ন করেছেন। অধিনায়ক হরমনপ্রীত নিজেও ছোটবেলায় কোমরে ওড়না বেঁধে ছেলেদের সঙ্গে খেলতেন। সমাজের গোঁড়ামি, অবজ্ঞা, অর্থসংকট, সবকিছুর বিরুদ্ধে লড়াই করে তাঁরা আজ বিশ্বের সেরা হয়েছেন।

এই জয় তাই শুধু এক ট্রফি নয়, এক যুগান্তকারী মুহূর্ত। আজ থেকে কোনও বাবা-মা আর বলবেন না, ‘এটা ছেলেদের খেলা।’ বরং বলবেন, ‘দেখো, হরমনপ্রীতের মতো হতে হবে।দ ক্রিকেটের ইতিহাসে আজ এক নতুন অধ্যায় শুরু হল, যেখানে ‘ছত্র’ আর ‘শি’ মিলেমিশে হয়ে গেল শুধু ‘উই’।

বিশ্বজয়ের পর দেশজুড়ে উল্লাস। রাস্তায়, টিভির পর্দায়, সোশ্যাল মিডিয়ায় একটাই রং-নীল। স্মৃতি মান্ধানা, জেমাইমা রদ্রিগেজ, রিচা ঘোষ, সবাই নিজের মতো করে উদ্‌যাপন করছেন। কিন্তু হরমনপ্রীতের ছবিটাই যেন সবচেয়ে বড় প্রতীক হয়ে উঠল। কারণ সেখানে শুধু ট্রফি নয়, ছিল এক বিপ্লবের প্রতীক, যে ক্রিকেট আজ সত্যিই ‘সবার খেলা’।

## বিজয়িনীদের সঙ্গে মোদীর সাক্ষাৎ বুধে?

নয়াদিল্লি, ৩ নভেম্বর: দক্ষিণ আফিকাকে হারিয়ে বিশ্বজয়ের পর ভারতীয় মহিলা ক্রিকেট দলকে শুভেচ্ছা জানিয়েছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ঐতিহাসিক জয় ভবিষ্যতের চ্যাম্পিয়নদের যে অনুপ্রেরণা জোগাবে, সে কথা লেখেন প্রধানমন্ত্রী। সংবাদমাধ্যম সূত্রের খবর, বুধবার ৫ নভেম্বর হরমনপ্রীতদের সঙ্গে দেখা করতে পারেন তিনি।



**বুধবার নয়াদিল্লিতে বিশ্বকাপজয়ী দলের সদস্যদের সঙ্গে দেখা করার সম্ভাবনা রয়েছে প্রধানমন্ত্রী মোদীর। সোমবার এক অনুষ্ঠানে আবারও ভারতের বিশ্বকাপ জয়ের কথা তুলে ধরেন তিনি। তাঁর কথায়, ‘আমি প্রথমে ভারতের অসাধারণ জয়ের কথা বলব। এমন সাফল্যে উচ্ছ্বসিত গোটা ভারত। এটা ভারতের প্রথম মহিলা বিশ্বকাপ জয়। ভারতীয় দলকে অভিনন্দন। তোমাদের জন্য গর্বিত।’**

**উল্লেখ্য, বিশ্বকাপ জয়ের পর এক্স হ্যান্ডলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী লিখেছিলেন, ‘আইসিসি মহিলাদের ক্রিকেট বিশ্বকাপের ফাইনালে অসাধারণ জয় পেল ভারতীয় দল। আত্মবিশ্বাস ও প্রতিভার আদর্শ উদাহরণ এই পারফরম্যান্স। গোটা টুর্নামেন্ট জুড়ে ধারাবাহিকতা ও দলগত সংহতি দেখিয়েছে এই দল। আমাদের প্লেয়ারদের অভিনন্দন। ঐতিহাসিক জয় ভবিষ্যতের চ্যাম্পিয়নদের উদ্বুদ্ধ করবে।’**

## পাসপোর্ট দুর্নীতি-কাণ্ডে হানা ইডির

**নিজস্ব প্রতিবেদন:** পাসপোর্ট দুর্নীতিকাণ্ডে তদন্তে নেমেছে ইডি। পাসপোর্ট সেবা কেন্দ্রের সামনে এক অনলাইন আবেদন কেন্দ্রে সোমবার তল্লাশি চালালেন এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের আধিকারিকেরা। পাশাপাশি পাসপোর্ট দপ্তরে গিয়েও কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার আধিকারিকেরা কিছু তথ্য সংগ্রহ করেন বলেও ইডি সূত্রে খবর। শুধু তাই নয়, সোমবার নদিয়াতেও পাসপোর্ট দুর্নীতিকাণ্ডে তল্লাশি চালান তদন্তকারীরা।


পাসপোর্ট দুর্নীতিকাণ্ডের তদন্তে নেমে আজাদ মল্লিক নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছিল ইডি। তাঁর সঙ্গে বাংলাদেশ এবং পাকিস্তানের যোগসূত্র মিলেছিল। অভিযোগ, আজাদ বাংলাদেশ থেকে এ দেশে এসে থেকে গিয়েছিলেন। পরে তাঁর কাছ থেকে পাকিস্তানের নথিও পাওয়া যায়। ইডি জানিয়েছিল, আজাদ কাঁচরাপাড়ার একটি ক্যাফে থেকে ১২-১৩ হাজার টাকার বিনিময়ে ভুয়ো পাসপোর্ট বানানোর কাজ করতেন। কখনও কখনও এই ভুয়ো পাসপার্ট বানানোর জন্য আজাদ ৩০ থেকে ৪০ হাজার টাকাও দাবি করা হত। পাসপোর্টের পাশাপাশি অন্যান্য নথি ও পরিচয়পত্র বানানোর কাজও করতেন তিনি। তাঁর মোবাইলেও এ সংক্রান্ত তথ্যপ্রমাণ পাওয়া গিয়েছে বলে দাবি করে ইডি। কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার দাবি, ভুয়ো নথি ব্যবহার করে জাল পাসপোর্ট বানানোর এই চক্রের ‘মিডলম্যান’ হিসাবে কাজ করতেন আজাদ। সেই আজাদের সূত্র ধরে পরে তাঁর সহযোগী, চাকদহের বাসিন্দা ইন্দু ভূষণকে গ্রেপ্তার করা হয়।

এদিকে সূত্রে খবর, সোমবার নদিয়ায় চাকদহে এক কাঠমিস্ত্রির বাড়িতে হানা দেয় ইডি। বাড়ির সদস্যদের জিজ্ঞাসাবাদ করা হয়।

# গোপনে পরমাণু পরীক্ষা: দাবি ট্রাম্পের, অস্বীকার চিনের

**ওয়াশিংটন, ৩ নভেম্বর:** গোপনে পরমাণু অস্ত্রের পরীক্ষানিরীক্ষা চালাচ্ছে পাকিস্তান, চিন-সহ চার দেশ। রবিবার মার্কিন সংবাদমাধ্যম সিবিএস নিউজ-কে দেওয়া একটি সাক্ষাৎকারে এমনই দাবি করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সম্প্রতি আমেরিকায় নতুন করে পরমাণু অস্ত্র পরীক্ষার নির্দেশ দিয়েছেন তিনি। নিজের সিদ্ধান্তের কারণ ব্যাখ্যা করে ট্রাম্প বলেন, ‘বাকি দেশগুলি পরীক্ষা করছে। আমরা একমাত্র দেশ, যারা পরীক্ষা করছি না। আমরাও পিছিয়ে থাকতে চাই না।’

ট্রাম্প সাক্ষাৎকারে যে চার দেশের নাম করেছেন, সেগুলির মধ্যে পাকিস্তান বাদে বাকি তিন দেশ বাণিজ্যিক বা সামরিক ক্ষেত্রে আমেরিকার প্রতিদ্বন্দ্বী। স্বাভাবিক ভাবে পরমাণু অস্ত্রের পরীক্ষা সংক্রান্ত ট্রাম্পের দাবি নিয়ে



শোরগোল শুরু হয়েছে। সাক্ষাৎকারের একটি অংশে ট্রাম্প ফের দাবি করেছেন, গত মে মাসে ভারত এবং পাকিস্তানের মধ্যে হতে চলা পরমাণু যুদ্ধ তিনিই থামিয়েছেন। তিনি এই পদক্ষেপ না-করলে লক্ষ লক্ষ মানুষ মারা যেতেন বলে দাবি করেছেন তিনি।

সাক্ষাৎকারে ট্রাম্প বলেন, ‘আমরা পরীক্ষা করছি, কারণ বাকিরাও পরীক্ষা করছে।’ একই সঙ্গে ট্রাম্পের সংযোজন, ‘হঠাৎই উত্তর কোরিয়া পরীক্ষা করছে। পাকিস্তান পরীক্ষা করছে। তারা কিন্তু আপনাকে গিয়ে এই খবর দেয়নি। তারা গোপনে এই পরীক্ষা করছে, যাতে মানুষ জানতেও না পারে কী হচ্ছে।’ তার পরেই ট্রাম্প দাবি করেন, রাশিয়া এবং চিনও একই ভাবে তাদের পরমাণু অস্ত্রের পরীক্ষানিরীক্ষা করছে। ওই দেশগুলিকে দুষে ট্রাম্পের বক্তব্য, মুক্ত সমাজে গোপনীয়তার সঙ্গে এই সব কাজ করা হচ্ছে। যদিও ট্রাম্পের দাবি খারিজ করে দিয়েছে চিন। চিনের বিদেশ মন্ত্রক সংবাদসংস্থা এএফপি-কে জানিয়েছে, তারা একটি দায়িত্বশীল পরমাণু শক্তিধর দেশ। তাই আত্মরক্ষার প্রয়োজন ছাড়া তারা পরমাণু অস্ত্রের পরীক্ষানিরীক্ষা করে না।

ট্রাম্পের নির্দেশে ৩৩ বছর পর আমেরিকায় পরমাণু অস্ত্র পরীক্ষা করা হবে। বিষয়টি নিয়ে ইতিমধ্যেই সে দেশে শোরগোল শুরু হয়েছে। এই প্রসঙ্গে ট্রাম্প প্রশাসনের বিদ্যুৎসচিব (এনার্জি সেক্রেটারি) ক্রিস রাইট হোয়াইট হাউসের অবস্থান স্পষ্ট করেছেন। ফক্স নিউজকে দেওয়া একটি সাক্ষাৎকারে রাইট জানিয়েছেন, এই মুহূর্তে কোনও বিস্ফোরণ ঘটানোর পরিকল্পনা নেই আমেরিকার। ট্রাম্প যা বলেছেন, তা কেবল প্রথাগত পরীক্ষানিরীক্ষা। রাইটের কথায়, ‘আমরা যে পরীক্ষার কথা বলছি, আমার মনে হয় সেটা প্রথাগত। এখানে কোনও পরমাণু বিস্ফোরণ হবে না। এগুলোকে বলা হয় অ-জরুরি বিস্ফোরণ।’ রাইট জানিয়েছেন, পরমাণু অস্ত্রের সমস্ত অংশ পরীক্ষা করে দেখা হবে। নির্দিষ্ট সময়ে কোনও অংশ বিগড়ে যেতে পারে কি না, তা থেকে সঠিক ভাবে বিস্ফোরণ ঘটানো সম্ভব কি না, সে সব খতিয়ে দেখা হবে।



## মমতাকে বিজেপির খোঁচা

■ দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে ঐতিহাসিক জয়ে মহিলাদের একদিনের বিশ্বকাপের শিরোপা জিতে নিয়েছে ভারতীয় মহিলা ক্রিকেট দল। হরমনপ্রীত কৌরের নেতৃত্বে এই প্রথমবার বিশ্বকাপ জয়ে গোটা দেশ এখন উচ্ছ্বাসে ফেটে পড়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী থেকে শুরু করে নানা অঙ্গনের বিশিষ্টজনেরা সোশ্যাল মিডিয়ায় অভিনন্দন জানিয়েছেন টিম ইন্ডিয়াকে। সেই তালিকায় ছিলেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ও। কিন্তু তাঁর শুভেচ্ছা বার্তাকেই কেন্দ্র করে নতুন করে রাজনৈতিক তরজা শুরু হয়েছে। মুখ্যমন্ত্রীর বক্তব্যের জবাবে খোঁচা দিয়েছে বিজেপি। রবিবার এক্স হ্যান্ডেলে (প্রাক্তন টুইটার) মুখ্যমন্ত্রী লেখেন, গোটা দেশ 'উইমেন ইন ব্লু'-র বিশ্বকাপ জয়ের কৃতিত্বে গর্বিত। গোটা টুর্নামেন্টে তারা যে মনোবল, দৃঢ়তা ও দক্ষতার পরিচয় দিয়েছে, তা আগামী প্রজন্মের তরুণীদের কাছে অনুপ্রেরণার উৎস হয়ে থাকবে। তোমরা প্রমাণ করেছ, তোমরাই বিশ্বের সেরা। তোমরা আমাদের নায়িকা। এই শুভেচ্ছা পোস্ট ঘিরেই বিজেপির তরফে শুরু হয় তীব্র কটাক্ষ। বিজেপি পশ্চিমবঙ্গ ইউনিটের অফিসিয়াল এক্স হ্যান্ডেলে লেখা হয়, ওঁরা তো রাত ১২টা পর্যন্ত খেলছিলেন! কিন্তু আপনি তো বলেছিলেন, ৮টার মধ্যে বাড়ি ফিরে যেতে।

## বঞ্চিত কম্পিউটার শিক্ষকেরা

■ বঞ্চনার শিকার কম্পিউটার শিক্ষকরা। ২১ মাস ধরে বেতনহীন তাঁরা। স্থায়ীকরণের দাবিতে আগেই সরব হয়েছিলেন। তবে সেই স্থায়ীকরণ তো দূর-অস্ত, এখন মাসে মাসে বেতনও পাচ্ছেন না তাঁরা। আর সেই কারণেই এবার রাস্তায় নামতে বাধ্য হলেন তাঁরা। পাশাপাশি রাজ্য সরকারর বিরুদ্ধে দ্বিচারিতার অভিযোগও তুলে সরব হতে দেখা যায় তাঁদের। সোমবার করুণাময়ী থেকে মিছিল করে মাদ্রাসা বোর্ডের সামনে গিয়ে বিক্ষোভ দেখান তাঁরা। বিশাল পুলিশবাহিনী মোতায়েন করা হয় সেখানে। আর এই বিক্ষোভকারীরা আদতে আইসিটি কম্পিউটার শিক্ষক। ২০১৮ সালের ১৩ অগস্ট পশ্চিমবঙ্গের ১৬৯টি সিনিয়র হাই মাদ্রাসায় 'ওয়েবেল'-এর মাধ্যমে চুক্তিভিত্তিক কম্পিউটার শিক্ষক নিয়োগ করা হয়েছিল। রাজ্য সরকারের উদ্যোগে ওই নিয়োগ করা হয়। ২০২১ সালে বিধানসভা ভোটের আগে পাঁচ হাজারের বেশি স্কুলে আইসিটি কম্পিউটার শিক্ষকদের স্থায়ীকরণ করা হয়। সেগুলি সবই হাইস্কুল।

## প্রাক্তন মন্ত্রীর ভুয়ো প্রোফাইল

■ রাজ্যের প্রাক্তন মন্ত্রী মণীশ গুপ্তর নামে সোশ্যাল মিডিয়ায় ভুয়ো প্রোফাইল খুলে সাইবার জালিয়াতির অভিযোগ। অভিযোগ নথিভুক্ত হওয়ার পরই তদন্তে নামে লালবাজার। ঘটনাটি বেশ কয়েকমাস আগের হলেও সম্প্রতি প্রাক্তন মন্ত্রী স্বয়ং লালবাজারের সাইবার থানায় এ নিয়ে অভিযোগ দায়ের করেছেন। সাইবার জালিয়াতরা মণীশ গুপ্তর ছবি ব্যবহার করে একটি হোয়াটসঅ্যাপ নম্বরের মাধ্যমেও মেসেজ পাঠায় পরিচিতদের। যেহেতু সোশ্যাল মিডিয়া ও হোয়াটস অ্যাপের ডিপিতে জালিয়াতরা প্রাক্তন মন্ত্রী মণীশ গুপ্তর ছবি ব্যবহার করেছিল, তাই তাঁর অনেক পরিচিতই ওই ভুয়ো প্রোফাইল ও হোয়াটসঅ্যাপ দেখে সেসব বার্তা সত্যি বলেই মনে করে। জানা গিয়েছে, মণীশ গুপ্তর নাম-ছবি ব্যবহার করে সাইবার জালিয়াতরা তাঁর পরিচিতদের মেসেজ পাঠিয়ে টাকা চাইতে থাকে। বার্তা পাঠিয়ে জানায় যে বিশেষ কারণে এখনই টাকার প্রয়োজন। অনেকে ওই মেসেজ সত্যি মনে করে সাইবার জালিয়াতদের পাঠানো ব্যাংক অ্যাকাউন্টে টাকা পাঠিয়ে দেন।

# বিজেপিকে শর্ত সাপেক্ষে মিছিলের অনুমতি আদালতের



**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** মঙ্গলবার সোদপুর থেকে আগরপাড়া তেঁতুলতলা বাসস্টপ পর্যন্ত বিজেপিকে শর্তসাপেক্ষে মিছিলেন অনুমতি দিল কলকাতা হাইকোর্ট। সোমবার হাইকোর্টের বিচারপতি কৌশিক চন্দের এজলাসে মামলার শুনানি হয়। এই মিছিলে আপত্তি ছিল রাজ্যের। অনুমতি মেলেনি পুলিশের তরফ থেকে। এরপরই আদালতের দ্বারস্থ হয় বিজেপি। এদিন বিচারপতি রাজ্যের আপত্তি খারিজ করে দেন। তবে বেশ কয়েকটি শর্ত দিয়েছে আদালত।

বিকাল ৩ টে থেকে সন্ধে ৫ টা পর্যন্ত মিছিল করতে পারবে বিজেপি। মিছিল শেষে, সংক্ষিপ্ত বক্তব্য রাখতে পারবেন রাজ্য বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। সঙ্গে এও নির্দেশ দেওয়া হয়েছে, ১০০০ লোক নিয়ে মিছিল করা যাবে। আয়োজকদের নিশ্চিত করতে হবে যাতে সাধারণ মানুষের সমস্যা না হয়। এর পাশাপাশি পুলিশকে পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা রাখার নির্দেশ দেয় আদালত। সঙ্গে পুলিশ প্রশাসনকে নির্দেশ, আইনশৃঙ্খলা পরিস্থিতি ঠিক রাখতে হবে বলেও।

প্রদীপ করের মৃত্যু আর এনআরসি আতঙ্ক, এই দুই ঘটনায় কার্যকারণ সম্পর্ক স্থাপন করেছে শাসকদল। তৃণমূলের দাবি, এসআইআর ঘোষণার পরই এনআরসি আতঙ্কে আত্মঘাতী হয়েছেন প্রদীপ কর। এদিকে তৃণমূলের সেই দাবিতে শিলমোহর দিয়েছে পুলিশও। কারণ, পুলিশের দাবি, দেহের পাশ থেকে উদ্ধার হওয়ায় নোটেও সেরকমই লেখা। যদিও সেই নোটের হাতের লেখা নিয়ে হাজারও সংশয় রয়েছে, নমুনা সংগ্রহ করেছে ফরেন্সিক টিম। পরিবারের তরফ থেকে আত্মহত্যায় প্ররোচনা দেওয়ারও অভিযোগ দায়ের করা হয়েছে।

এদিকে প্রথম থেকেই বিজেপির তরফ থেকে দাবি করা হচ্ছিল, এটা ফলস কেস। রাজ্য বিধানসভার বিরোধী দলনেতাও স্পষ্ট জানিয়ে দিয়েছেন, যেখানে ২০০২ সালের ভোটার লিস্টে নাম রয়েছে প্রদীপ করের, তবে তিনি কেন আত্মঘাতী হবেন। এদিকে দিলীপ ঘোষ এই ঘটনায় খুনের তত্ত্বও খাড়া করেছেন। এই ইস্যুতে মঙ্গলবার সোদপুর থেকে আগরপাড়া পর্যন্ত মিছিল করবে বিজেপি।

# প্রায় আড়াই বছর পর স্থায়ী উপাচার্য পেল যাদবপুর বিশ্ববিদ্যালয়



**নিজস্ব প্রতিবেদন, যাদবপুর:** যাদবপুর বিশ্ববিদ্যালয়ের আনুষ্ঠানিকভাবে উপাচার্যের দায়িত্ব গ্রহণ করলেন চিরঞ্জীব ভট্টাচার্য। ২০২৩ সালের মে মাসে অবসর নিয়েছিলেন বিশ্ববিদ্যালয়ের শেষ স্থায়ী উপাচার্য সুরঞ্জন দাস। এরপর থেকে প্রশাসনিক অনিশ্চয়তা, নিরাপত্তা ইস্যু এবং শিক্ষক নিয়োগে জটিলতা; সব মিলিয়ে বিগত কয়েক মাস ধরে নানা বিতর্কের কেন্দ্রে টালমাটাল ছিল যাদবপুর।

নতুন দায়িত্ব গ্রহণ করে উপাচার্য চিরঞ্জীব ভট্টাচার্য জানান, তাঁর প্রথম লক্ষ্য হবে বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা ফিরিয়ে আনা এবং পঠনপাঠনের মান উন্নয়ন করা। একইসঙ্গে তিনি এও বলেন, 'বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মান বাড়াতে শিক্ষক নিয়োগ প্রক্রিয়া দ্রুত শুরু করা দরকার। সরকারের সঙ্গে আলোচনা করে ডিসেম্বরে সমাবর্তন আয়োজনেরও চেষ্টা করছি।'

এছাড়াও, যাদবপুর বিশ্ববিদ্যালয়ে নিরাপত্তার ক্ষেত্রেও তাঁকে বিশেষ গুরুত্ব দিতে দেখা যায়। কথা বলেন, নিরাপত্তা বাড়ানো প্রসঙ্গেও। সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের দুটি ক্যাম্পাসে অতিরিক্ত ৭০টি সিসিটিভি ক্যামেরা বসানোর জন্য তহবিল মঞ্জুর করেছে। চিরঞ্জীব ভট্টাচার্য জানান, শুধু ক্যামেরা নয়, নিরাপত্তারক্ষীর সংখ্যা বৃদ্ধি এবং ছাত্রছাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করতে আরও বিভিন্ন পদক্ষেপ নেওয়া হবে। নতুন উপাচার্যের কথায়, 'যাদবপুর শুধু একটি বিশ্ববিদ্যালয় নয়, এটি বাংলার গর্ব। এখানে শিক্ষার পরিবেশ যেন আরও নিরাপদ ও গুণগতমানসম্পন্ন হয়, সেটাই আমাদের লক্ষ্য।' নতুন এই উপাচার্যের বক্তব্যে আশাবাদী শিক্ষকমণ্ডলী ও ছাত্রছাত্রীদের একাংশ। বহুদিন পর স্থায়ী উপাচার্য পেয়ে তাঁরা আশা করছেন, যাদবপুর আবারও তার আগের সুনাম ও স্থিতিশীলতা ফিরে পাবে।

অক্টোবর মাসে যাদবপুর-সহ রাজ্যের ছ'টি বিশ্ববিদ্যালয়ে রাজ্য প্রস্তাবিত উপাচার্যের নামে সিলমোহর দেন রাজ্যপাল সিভি আনন্দ বোস।

# হরিদেবপুরে সাতসকালে শুটআউট, গুলিবিদ্ধ মহিলা



**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** সোমবার সাতসকালে শহরে চলল গুলি। ঘটনা হরিদেবপুর সংলগ্ন এলাকার। দুষ্কৃতীদের নিশানায় ছিলেন এক মহিলা। কিন্তু কেন তাঁকে লক্ষ্য করে গুলি চালানো হল তা নিয়ে তৈরি হয়েছে ধোঁয়াশা। হরিদেবপুর থানার অন্তর্গত ১২৩ নং কালীপদ মুখোপাধ্যায় রোডের একটি ক্লাবের কাছে চলে গুলি। লক্ষ্য ছিলেন মহিলা মৌসুমী নামে এক মহিলা (৩৭)। কিন্তু এই কাকভোরে রাস্তায় মর্নিংওয়াক নাকি অন্য কোনও কাজে বেরিয়েছিলেন ওই মহিলা সে ব্যাপারে কোনও মেলেনি।

এদিকে স্থানীয় সূত্রে জানা গিয়েছে, এদিন সকাল ৬টার সময় বাইকে চেপে ওই এলাকায় আসে দুই দুষ্কৃতী। এরপরই ওই মহিলাকে লক্ষ্য করে গুলি চালায় তাঁরা। পিঠে গুলি লাগে তাঁর। আর এই গুলির আঘাতে গুরুতর জখম হন ওই মহিলা। রক্তাক্ত অবস্থায় প্রথমে তাঁকে নিয়ে যাওয়া হয় এম আর বাঙুর হাসপাতালে। কিন্তু ক্ষণিকের মধ্যেই শারীরিক অবস্থার অবনতি ঘটলে তাঁকে স্থানান্তর করা হয় এসএসকেএম হাসপাতালে। আপাতত সেখানেই চিকিৎসাধীন রয়েছেন তিনি।

কিন্তু কেন তাঁকে লক্ষ্য করে গুলি চালাল দুষ্কৃতীরা তারই তদন্তে নেমেছে হরিদেবপুর থানার পুলিশ। প্রাথমিক অনুমান, প্রতিশোধ স্পৃহা থেকেই এই কাণ্ড ঘটিয়েছেন দুষ্কৃতীরা। বদলা নিতেই চালিয়েছে গুলি। অবশ্য, এই ক্ষেত্রে তাঁরা বন্দুক নাকি এয়ার গান ব্যবহার হয়েছিল, তা এখনও জানা যায়নি। ইতিমধ্যে এই ঘটনায় বাবলু নামে এক অভিযুক্তকে আটক করেছে পুলিশ। তাঁকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। মহিলার পরিবারের অভিযোগ, এই বাবলু ওই আক্রান্ত মহিলাকে বহু বছর ধরেই বিরক্ত করতেন।

# জ্যোতিপ্রিয়কে হেনস্তা, ঘণ্টা খানেকের মাথায় ছাড় অভিযুক্তের

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** এক যুবকের হাতে মার খেলেন রাজ্যের প্রাক্তন মন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক। রবিবার সন্ধেয় নিজের বাড়িতেই আক্রান্ত হন রাজ্যের প্রাক্তন মন্ত্রী তথা হাবড়ার তৃণমূল বিধায়ক। যিনি হামলা চালান, সেই যুবকও হাবড়ারই বাসিন্দা। মারা হয়েছে ঘুঁষি, এমনটাই অভিযোগ ওই যুবকের বিরুদ্ধে। কিন্তু এই ঘটনায় অভিযুক্তকে আটক করার ঘণ্টার খানেকের মাথায় তাঁকে রেহাই দিল পুলিশ।

সূত্রে খবর, রবিবার আটটা নাগাদ ঘটনাটি ঘটে। সেই সময় নিজের সল্টলেকের বাড়িতে ছিলেন জ্যোতিপ্রিয় মল্লিক। প্রাক্তন মন্ত্রী জানিয়েছেন, তাঁর পিছন পিছন চুপিসারে বাড়িতে ঢুকে পড়েছিলেন ওই যুবক। এরপরেই তাঁর উপর হামলা চালায় অভিযুক্ত। এই ঘটনা ঘটার পরই চিৎকার করতে শুরু করেন জ্যোতিপ্রিয়। তাঁর আওয়াজ শুনে ছুটে আসেন কর্তব্যরত নিরাপত্তারক্ষীরা। খবর দেওয়া হয় পুলিশে। আটক করা হয় অভিযুক্তকে। এদিন জ্যোতিপ্রিয় মল্লিক বলেন, 'দেখে মনে হল ওই ব্যক্তি নেশাগ্রস্ত ছিলেন। দুপুর থেকেই মনে হয় আমার বাড়িতে রেইকি করেছে। যাঁরা কর্মচারী থাকেন, তাঁদের ওই অভিযুক্ত জিজ্ঞাসা করেছিলেন আমি কোথায়। রাত আটটায় যখন এখানে ফিরি, তখন সেও আমার পিছন পিছন চলে আসে। আমরা উপর হামলা চালায়। কিন্তু কেন এমন কাণ্ড ঘটাল তা আমি বুঝতে পারছি না। হাবড়ার কোনও ছেলে যে আমার উপর হামলা চালাতে পারে আমি তো সেটাই ভেবে পাচ্ছি না।'

তবে এই ঘটনায় প্রশ্ন উঠছে নিরাপত্তা ব্যবস্থা নিয়ে। প্রাক্তন মন্ত্রীর বাড়িতে কীভাবে যে কেউ ঢুকে পড়তে পারেন, সেই প্রশ্নই তুলেছেন একাংশ।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, অভিযুক্তের নাম অভিষেক দাস। তিনি উত্তর ২৪ পরগনার হাবড়া এলাকারই বাসিন্দা। হামলাকারী মানসিকভাবে ভারসাম্যহীন। নীলরতন সরকার হাসপাতালে চিকিৎসাধীন। ইতিমধ্যেই ওই যুবকের পরিবারকে খবর দিয়েছে পুলিশ। সোমবার সকালে তাঁকে ছেড়ে দেওয়া হয় বলেই খবর।




ভারত চেম্বার অফ কমার্সের ১২৫তম বর্ষপূর্তি উপলক্ষে বিশেষ অনুষ্ঠানে কলকাতায় লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা।

# ভারতের মেয়েদের বিশ্বজয়ে শুভেচ্ছায় শুভেন্দু-শমীক-সুকান্ত

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** ডিওয়াই পাতিল স্টেডিয়ামের গ্যালারি তখন উৎসবে ফেটে পড়েছে। ভারতের মেয়েরা ইতিহাস গড়েছেন; প্রথমবারের মতো মহিলা ক্রিকেট বিশ্বকাপ জিতেছে টিম ইন্ডিয়া। আমরা নারী, আমরা সব পারি; এই বার্তা যেন ছড়িয়ে পড়েছে গোটা দেশে। ভারতীয় ক্রিকেটের এই ঐতিহাসিক সাফল্যে শুভেচ্ছা জানিয়েছেন দেশের বিভিন্ন প্রান্তের রাজনৈতিক ব্যক্তিত্বরাও। পশ্চিমবঙ্গের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, কেন্দ্রীয় মন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার এবং বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য আলাদা আলাদা বার্তায় অভিনন্দন জানিয়েছেন ভারতীয় দলের মেয়েদের।

বিজয়ের পর শুভেন্দু অধিকারী এক্স-এ লিখেছেন, বিশ্ব চ্যাম্পিয়ন হওয়ার জন্য ভারতীয় ক্রিকেট দল 'উইমেন ইন ব্লু'-কে অভিনন্দন। অধিনায়িকা হরমনপ্রীত কৌর এবং তাঁর দলের অসাধারণ পারফরম্যান্স, যাঁরা ইতিহাস এবং ভারতীয় ক্রীড়া লোককাহিনিতে তাঁদের নাম লেখাতে পেরেছেন। ভারতে মহিলা ক্রীড়া এবং সাধারণ ক্রীড়ার জন্য এ এক উৎসাহ। জয় হিন্দ।

অন্যদিকে, কেন্দ্রীয় মন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার ভারতীয় পতাকা, ট্রফি ও ফুলের ছবি-সহ একটি পোস্টে লেখেন, জয় হো, বিজয়ী ভারত! ২০২৫ সালের মহিলা ক্রিকেট বিশ্বকাপে দুর্দান্ত জয়ের মাধ্যমে টিম ইন্ডিয়া ইতিহাস রচনা করেছে! আমাদের ব্যতিক্রমী মহিলা ক্রিকেট দলের অসাধারণ পারফরম্যান্সের জন্য আন্তরিক অভিনন্দন। আপনাদের সাহস, আবেগ এবং উৎকর্ষতা জাতিকে গর্বিত করেছে।



# 'আমার শিরা-ধমনী তৃণমূলেই ভরা' দলে ফিরেই শোভনের ঘোষণা



**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** দীর্ঘ পাঁচ বছরের দূরত্ব মুছে গিয়ে অবশেষে ঘরে ফিরলেন কলকাতার প্রাক্তন মেয়র শোভন চট্টোপাধ্যায়। সোমবার তৃণমূল ভবনে তৃণমূল কংগ্রেসে পুনরায় যোগ দিলেন তিনি। সঙ্গে ছিলেন বৈশাখী বন্দ্যোপাধ্যায়ও। সুব্রত বক্সী ও অরূপ বিশ্বাসের হাত থেকে তৃণমূলের পতাকা গ্রহণ করেন শোভন।

পতাকা হাতে নিয়েই আবেগঘন কণ্ঠে তিনি বলেন, আমার শিরা-ধমনী সব কিছুই তৃণমূল কংগ্রেস। আবার ঘরে ফিরলাম। রাস্তায় নেমে লড়াইয়ে সামিল হলাম। আমাকে যে দায়িত্ব দেওয়া হবে, তা নিষ্ঠার সঙ্গে পালন করব। সম্প্রতি এনকেডিএ-র চেয়ারম্যান হওয়ার পর থেকেই শোভনের তৃণমূলে ফেরা নিয়ে জল্পনা তুঙ্গে ছিল। রাজনৈতিক মহলে তখনই ধারণা তৈরি হয়েছিল, তাঁর পুরনো দলে ফেরার বিষয়টি এখন শুধু সময়ের অপেক্ষা। অবশেষে সোমবার সেই প্রতীক্ষার অবসান ঘটল। শোভনের দলে ফেরা প্রসঙ্গে মন্ত্রী অরূপ বিশ্বাস বলেন, 'ঘরের ছেলে ঘরে ফিরছেন।' উল্লেখ্য, ২০১৮ সালের নভেম্বর মাসে মন্ত্রিসভা ও দল; দু'টোই ছেড়েছিলেন শোভন। পরবর্তী সময়ে ২০২১ সালের বিধানসভা ভোটের আগে দিল্লিতে গিয়ে যোগ দেন বিজেপিতে। তবে নির্বাচনের পর থেকেই ক্রমে দূরত্ব তৈরি হয় বিজেপির সঙ্গে। গত কয়েক মাস ধরে তাঁর তৃণমূলে প্রত্যাবর্তন নিয়ে নানা মহলে জল্পনা চলছিল। সেই জল্পনাতেই এ দিন ইতি টানলেন তিনি, আবারও দলের পতাকা হাতে তুলে নিয়ে জানালেন, তৃণমূলই আমার রক্তে মিশে আছে।

## মালিকানাধীন জমির ওপর বলপূর্বক জলপ্রকল্প করার অভিযোগ

**নিজস্ব প্রতিবেদন, ব্যারাকপুর:** মালিকানাধীন জমির ওপর বলপূর্বক জলপ্রকল্প করার অভিযোগ উঠেছে বাসুদেবপুর থানার কাউগাছি-২ গ্রাম পঞ্চায়েতের পলতা পাড়ায়। অভিযোগ, শেখ সিরাজউদ্দিনদের শরিকি জমির ওপর পঞ্চায়েতের উদ্যোগে পরিশ্রুত সৌর জলপ্রকল্প গড়ে তোলার কাজ শুরু হয়েছিল। কিন্তু জমির মালিকদের বাধায় সেই কাজ আপাতত বন্ধ হয়ে গিয়েছে। প্রসঙ্গত, রবিবার ওখানে বোরিং করার কাজ শুরু হলে পুলিশ এসে সমস্ত পাইপ তুলে দিয়েছে। জমির মালিক শেখ সিরাজউদ্দিন জানান, অনুমতি ছাড়াই তাঁদের জমির ওপর বলপূর্বক জলপ্রকল্প করতে চাইছেন উপ-প্রধান শেখ ইমতিয়াজ আলি। ওটা যৌথ পরিবারের শরিকি জমি।

# পুজো শেষ হলেও উৎসবের রেশ কলকাতায় বহাল আন্তর্জাতিক বইমেলার হাত ধরে

**শুভাশিস বিশ্বাস**

দুর্গাপুজো শেষ। শেষ হয়েছে জগদ্ধাত্রী আরাধনাও। পুজোর রেশ কলকাতাবাসীর মন থেকে ফিকে হচ্ছে সময়ের তালে। তবে কাটছে না উৎসবের রেশ। কারণ, সামনেই কলকাতা আন্তর্জাতিক ফিল্ম ফেস্টিভ্যাল। আর তারপরই শুরু হবে কলকাতা আন্তর্জাতিক বইমেলা। আর এই ৪৯ তম কলকাতা আন্তর্জাতিক বইমেলার নির্ঘণ্ট ঘোষণা হল সোমবার। ২২ জানুয়ারি (২০২৬)-এ মেলার উদ্বোধন। মেলা চলবে ৩ ফেব্রুয়ারি পর্যন্ত। মেলার উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। গিল্ডসের তরফ থেকে এদিন জানানো হয়, সল্টলেক করুণাময়ীর বইমেলা প্রাঙ্গণেই হবে বইমেলা। বইমেলার সার্বিক সহযোগিতার জন্য আয়োজক কমিটি কৃতজ্ঞতা জানায় নগরোন্নয়ন দপ্তর, কেএমডিএ, তথ্য ও সংস্কৃতি দপ্তর, বিধাননগর পুলিশ, কলকাতা পুলিশ, বিধাননগর পুরসংস্থা এবং পশ্চিমবঙ্গ সরকারের অন্যান্য দপ্তরকেও।

পাশাপাশি এদিন বইমেলার থিম কান্ট্রির নাম ঘোষণার পাশাপাশি লোগোরও উদ্বোধন হয়। এবারের থিম কান্ট্রি আর্জেন্টিনা। এই প্রথম থিম কান্ট্রি হল আর্জেন্টিনা। ভিক্টোরিয়া ওকোম্পো-রবীন্দ্রনাথ সম্পর্কের জোরে ভারত তথা বাংলার সঙ্গে আর্জেন্টিনার সম্পর্ক শক্তপোক্ত। পাবলিশার্স অ্যান্ড বুক সেলার্স গিল্ডের সাধারণ সম্পাদক ত্রিদিবকুমার চট্টোপাধ্যায় এবং সভাপতি সুধাংশু শেখর দে খেলার সূত্রে আর্জেন্টিনার সঙ্গে বাংলার সম্পর্কের কথাও উল্লেখ করেন। বলা বাহুল্য সেই সম্পর্কের ব্র্যান্ড অ্যাম্বাস্যাডার ছিলেন ফুটবলের রাজপুত্র প্রয়াত দিয়েগো আরমান্দো মারাদোনা। কাকতালীয়ভাবে তাঁর যোগ্য উত্তরসূরি লিওনেল মেসি আগামী ডিসেম্বের মাসে ভারত সফরে বাংলার মাটিতে পা রাখবেন। উল্লেখ্য, এবারও মেলায় থাকছে না বাংলাদেশ প্যাভিলিয়ন। ২০২৭ সালে আন্তর্জাতিক কলকাতা বইমেলা পা দেবে সুবর্ণজয়ন্তীতে। সেই উপলক্ষে বিশেষ আয়োজনের পরিকল্পনা নিয়েছে বইমেলা কর্তৃপক্ষ। ১৯৭৬ থেকে ১৯৯৬ সাল পর্যন্ত ময়দানে আয়োজিত বইমেলার পুরনো আলোকচিত্র নিয়ে একটি প্রতিযোগিতা ও প্রদর্শনী হবে। সেরা দশ আলোকচিত্রকে দেওয়া হবে পুরস্কার, আর নির্বাচিত ছবিগুলি প্রকাশিত হবে ২০২৭ সালের স্মারক সংকলনে। ছবি পাঠানোর শেষ তারিখ ১০ ডিসেম্বর, ২০২৫। এছাড়াও এদিনের সাংবাদিক বৈঠক থেকে জানানো হয়, বইমেলার অন্যতম আকর্ষণ কলকাতা লিটারেচার ফেস্টিভ্যাল অনুষ্ঠিত হবে ২৪ ও ২৫ জানুয়ারি।

এদিনের সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন পাবলিশার্স অ্যান্ড বুক সেলার্স গিল্ডের সাধারণ সম্পাদক ত্রিদিবকুমার চট্টোপাধ্যায় এবং সভাপতি সুধাংশু শেখর দে। এছাড়াও ছিলেন কলকাতার আর্জেন্টিনা দূতাবাসের দুই প্রতিনিধি-সহ বিশিষ্টজনেরা। গিল্ডের কর্তারা এদিন এও জানান, ২০২৫ সালের বইমেলায় এসেছিলেন ২৭ লক্ষ বইপ্রেমী। বই বিক্রির পরিমাণ ছিল ২৩ কোটি টাকা। এই অভূতপূর্ব সাফল্যে যেমন আনন্দিত আয়োজকরা, তেমনই উদ্বিগ্নও। কারণ এ বছর অনেক নতুন প্রকাশক অংশ নিতে ইচ্ছা প্রকাশ করেছেন। কিন্তু প্রাঙ্গণের জায়গা না বাড়ায় নতুন স্টল বরাদ্দ সম্ভব নয়, জানানো হয়েছে আয়োজকদের তরফে।


তবে আগামী ২০২৬ সালের বইমেলায় অংশ নিতে চলেছে একাধিক দেশ। এই তালিকায় রয়েছে গ্রেট ব্রিটেন, আমেরিকা, জার্মানি, অস্ট্রেলিয়া, ফ্রান্স, স্পেন, পেরু, কলম্বিয়া, জাপান, থাইল্যান্ড, এবং লাতিন আমেরিকার অন্যান্য দেশ। আরও কয়েকটি দেশের সঙ্গে আলোচনা চলছে। ভারতের অন্যান্য রাজ্যের যেমন দিল্লি, উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশ, তামিলনাড়ু, গুজরাত সহ অন্যান্য রাজ্যের প্রকাশকরাও নিয়ম মতো অংশ নেবেন। যার মধ্যে থাকছে যথারীতি লিটল ম্যাগাজিন প্যাভিলিয়ন, চিলড্রেনস প্যাভিলিয়ন এবং নানা সাংস্কৃতিক অনুষ্ঠানও।

## সম্পাদকীয়

# বিপদের নাম হিটওয়েভ, আলোচনাই সার, হুঁশ কিন্তু ফিরছে না

বিপদের নাম হিটওয়েভ। বয়সের সঙ্গে সঙ্গে বাড়ছে পৃথিবীর উষ্ণতা। যার জেরে বদলে যাচ্ছে জলবায়ু। বাড়ছে বিপদ। একে রুখতে আলোচনা, বৈঠক অনেক হয়েছে। কিন্তু নিট ফল, বিরাট শূন্য। হুঁশ কিন্তু ফিরছে না। ফলে যা হওয়ার তাই হচ্ছে। ক্রমশ বাড়ছে পৃথিবীর তাপমাত্রা। মানুষ ভুগছে হিটওয়েভে। সম্প্রতি প্রকাশিত এক রিপোর্ট বলছে, ২০২৪ সালে ভারতে ২০ দিন মারাত্মক তাপপ্রবাহ চলেছে। যা মানুষের কর্মক্ষমতার উপরও আঘাত হানছে। এর জেরে কাজের সময়ও নষ্ট হয়েছে। হিসেব বলছে, ২০২৪ সালে ভারতে ব্যক্তিপিছু ৪২০ ঘণ্টা কাজের সময় নষ্ট হয়েছে শুধুমাত্র এই হিটওয়েভের জেরে। পৃথিবীর ক্রমবর্ধমান গড় তাপমাত্রা বৃদ্ধি নিয়ে গত কয়েক দশক ধরে সতর্ক করছেন বিজ্ঞানীরা। এর প্রভাব কতটা মারাত্মক হতে পারে তার আভাসও দিয়েছেন বিশেষজ্ঞরা। চিকিৎসা বিষয়ক ম্যাগাজিন 'দ্য ল্যানসেট',এর এক প্রতিবেদনে কিছু উদ্বেগজনক তথ্য উঠে এসেছে। তথ্য বলছে, উষ্ণতাবৃদ্ধি বিশ্বে প্রতি মিনিটে একজন মানুষের প্রাণ কাড়ছে। এই সংকটের প্রধান কারণ কয়লা বা জীবাশ্ম জ্বালানি।।এই জ্বালানির অত্যধিক ব্যবহারে যে দূষণ হচ্ছে, তা পৃথিবীর গড় তাপমাত্রা বাড়িয়ে দিচ্ছে। ১৯৯০ সালের তুলনায় বিশ্বে উষ্ণতা-জনিত মৃত্যুর হার প্রায় ২৩ শতাংশ বেড়েছে।২০১২ থেকে ২০২১ সালের মধ্যে প্রতি বছর গড়ে প্রায় ৫ লক্ষ ৪৬ হাজার মানুষ শুধুমাত্র অতিরিক্ত গরম ও হিটওয়েভের কারণে প্রাণ হারিয়েছেন। ২০২৪ সালেই ধোঁয়া আর দূষণের জেরে বিশ্বজুড়ে অন্তত দেড় লক্ষ প্রাণহানি হয়েছে। উষ্ণায়নের জেরে সবচেয়ে বেশি বিপদের মুখে ভারতের মতো উন্নয়নশীল দেশগুলি। ২০২২ সালে দূষণের কারণে অন্তত ১৭ লক্ষ ১৮ হাজার মানুষের মৃত্যু হয়েছে ভারতে। যা ২০১০ সালের তুলনায় প্রায় ৩৮ শতাংশ বেশি। ৭ লক্ষ ৫২ হাজার মানুষের প্রাণ কেড়েছে জীবাশ্ম জ্বালানি।২০২০-২৪ এর মধ্যে অন্তত ১০ হাজার মৃত্যু হয়েছে এই ধোঁয়ার কারণে। শুধু তাই নয়, ভারতীয়দের কর্মদক্ষতা, শ্রমদিবস ও উৎপাদনশীলতা মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে এর কারণে। আর এর মূল্য চোকাতে হচ্ছে অর্থনীতিকে। কিন্তু তবুও হুঁশ নেই সরকারের এবং আন্তর্জাতিক সংস্থাগুলির।

## শব্দবাণ-৪৩১



শুভজ্যোতি রায়

**সূত্র—পাশাপাশি:** ২. শিখ ধর্মগ্রন্থ ৩. মুটে ৬. শোবার ঘর ৭.বহুরকম।

**সূত্র—উপর-নীচ:** ১. নিজ মূর্তি ধারণ ২. বন্ধন খোলা ৪. (আল.) ক্ষণস্থায়ী বস্তু বা ব্যাপার ৫. সাম্যবাদে বিশ্বাসী, সাম্যবাদী।

**সমাধান: শব্দবাণ-৪৩০**

**পাশাপাশি:** ১. মগজ ২. আলাদা ৫. অয়স ৮. তনয় ৯. ফাটক।

**উপর-নীচ:** ১. মদনা ৩. দাওয়া ৪. স্বায়ত্ত ৬. বিলাত ৭. যান্ত্রিক।

## জন্মদিন

### আজকের দিন



ঋত্বিক ঘটক

১৯২৫ *বিশিষ্ট চলচ্চিত্র পরিচালক ঋত্বিক ঘটকের জন্মদিন।*
১৯৪৫ *পশ্চিমবঙ্গের প্রাক্তন রাজ্যপাল গোপাল কৃষ্ণ গান্ধির জন্মদিন।*
১৯৭১ *বিশিষ্ট চলচ্চিত্রাভিনেত্রী তাব্বুর জন্মদিন।*

# তৃণমূলকে টক্করে রাজ্যের প্রতি বিধানসভায় তৈরি থাকবে 'মিঠুন যোদ্ধা' কুইক রেসপন্স টিম



নিজস্ব প্রতিবেদন, মালদা বিধানসভা ভোটে তৃণমূলকে টক্কর দিতে এবার রাজ্যের প্রতি বিধানসভায় তৈরি থাকবে 'মিঠুন যোদ্ধা' কুইক রেসপন্স টিম। প্রতি বিধানসভায় অন্তত দেড়শো জন করে যুবকের 'কুইক রেসপন্স টিম' গঠনের নির্দেশ দিলেন অভিনেতা তথা বিজেপি নেতা মিঠুন চক্রবর্তী। এসআইআর বা বিধানসভা ভোট- কোথাও কোনওরকম তৃণমূলী সন্ত্রাস হলে সঙ্গে সঙ্গে এক ফোন বা নির্দেশ পেয়ে প্রতিবাদ, আন্দোলনের নেমে পড়তে হবে বলে মালদায় এসে নির্দেশ দিয়ে গেলেন বলিউড তারকা তথা বিজেপি নেতা মিঠুন চক্রবর্তী।

সোমবার ভোরে শিয়ালদহ থেকে পদাতিক এক্সপ্রেস ট্রেনে মালদায় আসেন অভিনেতা মিঠুন চক্রবর্তী। এরপর পুরাতন মালদার সাহাপুর এলাকার একটি পাঁচ তারা হোটেলে গিয়ে বিশ্রাম নেন তিনি । এদিন দুপুরে জেলা বিজেপির পক্ষ থেকে বিজয়া সম্মেলনীর আয়োজন করা হয়েছিল । সেখানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অভিনেতা মিঠুন চক্রবর্তী।

বিজেপির বিজয়া সম্মিলনীতে বক্তব্য রাখতে গিয়ে বলিউড তারকা মিঠুন চক্রবর্তী বলেন, রাজ্যের প্রতিটি জেলায় বিধানসভা ভিত্তিক ১৫০ জনের কুইক রেসপন্স টিম বা 'মিঠুন যোদ্ধা' নামে একটি করে টিম থাকবে। যারা দলের কর্মী ও নেতৃত্বের সময় অসময়ে ঝাঁপিয়ে পড়ে সহযোগিতা করবে। এসআইআর নিয়ে এদিন তৃণমূলকে কটাক্ষ করেছেন মিঠুন চক্রবর্তী।

তিনি বলেন, এসআইআরের বিরোধিতা করা মানে অভারতীয়দের পক্ষ নেওয়া। মঙ্গলবার কলকাতায় তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং অভিষেক বন্দ্যোপাধ্যায়ের মিছিলের ডাককেও কটাক্ষ করেছেন তিনি। মিঠুনের দাবি, এসআইআরে নির্বাচন কমিশন কখনও বলেনি, কোনও ভারতীয় মুসলিম ভোটার তালিকা থেকে বাদ পড়বেন। অথবা এরাজ্যে বসবাসকারী হিন্দুরা ভোটের অধিকার হারাবেন তাও বলা হয় নি। এরপরেও এসআইআর- এর বিরোধিতা করা মানে অভারতীয়দের পক্ষ নেওয়া।

এদিন দলের বিজয়া সম্মেলনে যোগ দেন মিঠুন। প্রথমে দক্ষিণ মালদা সাংগঠনিক জেলা ও পরে উত্তর মালদা সাংগঠনিক জেলার বিজেপি নেতৃত্ব ও কর্মীদের সভায় তিনি বার্তা দিয়ে বলেন, 'আপনারা ভয় পাচ্ছেন, তাই তৃণমূল ভয় দেখাচ্ছে। ভয় পেলে চলবে না। আগামী বিধানসভা ভোট শেষ লড়াই। এ লড়াই আমাদের জিততেই হবে।' মিঠুন চক্রবর্তী আরও বলেন, কোথাও কোনও বিজেপি কর্মীর কাজ করতে সমস্যা হলে বা আইনগত সহায়তা প্রয়োজন হলে যোগাযোগের জন্য এদিন দু'টি ফোন নম্বর দেওয়া হল। সেই নম্বরে ফোন করে সহযোগিতা পাবেন দলের নেতা, কর্মীরা।

এদিন বিজয়া সম্মেলনে মিঠুনকে দলের হাল ধরে নেতৃত্ব দেওয়ার জন্য বলেন কর্মীদের একাংশ। এমনকী মিঠুনকে মুখ্যমন্ত্রী পদপ্রার্থী হওয়ার জন্যও দাবি ওঠে। পরে সংবাদ মাধ্যমের প্রশ্নে মিঠুন বলেন, এক্ষেত্রে দল সিদ্ধান্ত নেবে। দল বললে আমি মুখ্যমন্ত্রী হবো। দল বললে অন্য কেউ মুখ্যমন্ত্রী হবেন। এদিন পুরাতন মালদহের একটি বেসরকারি হোটেলে বিজেপির বিজয়া সম্মেলন অনুষ্ঠিত হয়। সেখানে দলের বিধায়ক ও নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

# বাক্সবন্দি দেহ উদ্ধার ও খুনের মামলায় মা-মেয়ের সাজা



**নিজস্ব প্রতিবেদন, মধ্যমগ্রাম:** মধ্যমগ্রামে বাক্সবন্দি মৃতদেহের মামলায় সোমবার সাজা ঘোষণা করল বারাসাত আদালতের বিচারক। বিচারক মা ও মেয়ে দুই অপরাধীর যাবজ্জীবন সাজা শোনান। তবে এই সাজার মধ্যে প্রমাণ লোপাটের জন্য ৭ বছরের জেলের সাজা কাটাতে হবে। পরবর্তীতে যাবজ্জীবন সাজা শুরু হবে। মাত্র ২৫১ দিনের মধ্যে এই মামলার সাজা ঘোষণা করে চমক দিল পুলিশ প্রশাসন ও আদালত।

এদিন বারাসাত আদালতের এডিজে সেভেন্থ কোর্টের বিচারক প্রজ্ঞা গার্গী ভট্টাচার্য হোসেন ১০১ খুনের মামলায় যাবজ্জীবন জেল, এক লাখ টাকা জরিমানা অনাদায়ে ছয় মাস জেলের সাজা শোনান। ২৩৮/৩ বিএনএস তথ্য প্রমাণ লোপাটের জন্য সাত বছরের জেল ৫০ হাজার টাকা জরিমানা। তবে এক্ষেত্রে বিশেষ বৈশিষ্ট্য হল প্রথম সাত বছর অর্থাৎ তথ্য প্রমাণ লোপাটের জন্য যে সাত বছরের জেল দেওয়া হয়েছে সেটা থাকতেই হবে তারপর যাবজ্জীবনের শাস্তি শুরু হবে। ডিফেন্স ল'ইয়ার তারক চন্দ্র দাস জানিয়েছেন এই বিচারের বিরুদ্ধে তিনি উচ্চ আদালতে যাবেন।

মধ্যমগ্রাম পিশি শাশুড়ি খুনের মা মেয়ের সাজা ঘোষণা হল এদিন। ঘটনাটি ছিল গত ২৩ ফেব্রুয়ারি, ২০২৫ সন্ধ্যা বেলা সুমিতা ঘোষকে হত্যা করা হয়। ঘটনার স্থল মধ্যমগ্রাম থানা এলাকার বীরেশ পল্লির একটি ভাড়া বাড়ি। প্রথমে ইট দিয়ে মাথায় ও শরীরের বিভিন্ন অংশে আঘাত। তাতেই মৃত্যু। বাড়িতে থাকা একটি ছোট ট্রলি ব্যাগ এর মধ্যে দেহটি ঢোকানোর চেষ্টা। ট্রলি ব্যাগের আকৃতি ছোট হওয়ার, মৃতদেহকে ব্যাগের ভিতর দিকে রেখে ও পা দুটোকে বাইরে বের করে ঘরের এক কোণে সারারাত মৃতদেহ ফেলে রাখে। পরের দিন অভিযুক্ত ফাল্গুনী ঘোষ ও তার মা আরতী ঘোষ, তাদের ভাড়া বাড়ি তালা বন্ধ করে, ওই অবস্থায় ঘরের ভিতর সুমিতা দেবীর মৃতদেহ রেখে কলকাতায় রওনা হয়। কলকাতা থেকে নতুন একটি বড়

আকারের নীল ট্রলি ব্যাগ কেনে। মৃতা সুমিতা দেবীর ফোন-পে ব্যবহার করে কলকাতায় সোনার গহনার অর্ডার দেয় ও ক্যাশ টাকা তোলে, হোটেলে খাওয়া দাওয়া করে সন্ধ্যায় মধ্যমগ্রাম ফিরে এসে আবার মধ্যমগ্রামের একটি সোনার দোকান থেকে মৃতা সুমিতাদেবীর শরীর থেকে খুলে নেওয়া সোনার গয়না পরিবর্তন করে নিজেদের জন্য বেশ কিছু নতুন সোনার গহনা ও টাকা নেয়। রাতে দুজন অভিযুক্ত মিলে মৃতা সুমিতাদেবীর দেহ নতুন ট্রলি ব্যাগে ঢোকানোর চেষ্টা করে কিন্তু এটিতেও পা সহ পুরো শরীরের জায়গা না হওয়ার জন্য, পা দুটি হাঁটুর কাছ থেকে সম্পূর্ণ বিচ্ছিন্ন করে এবং নতুন ট্রলি ব্যাগের মধ্যে শরীর ও বিচ্ছিন্ন পা দুটি একসাথে ঢুকিয়ে রাখে। ২৫ ফেব্রুয়ারি ২০২৫ ভোরবেলা, সাড়ে পাঁচ টা নাগাদ রাস্তা থেকে একটি ভ্যান ডেকে এনে, ভ্যান চালকের সাহায্যে মৃতদেহ সমেত নীল ট্রলি ব্যাগ ভ্যানে চাপিয়ে নিয়ে দোলতলায় পৌঁছে সেখান থেকে একটি সাদা ক্যাবের পিছনের ডিকিতে ট্রলি ব্যাগটি তুলে নিয়ে কুমারটুলি ঘাটের উদ্দেশ্যে রওনা হয়।

সকাল সওয়া সাতটা নাগাদ কুমারটুলি ঘাটে পৌঁছোনোর পর সাধারণ মানুষের সন্দেহের কারণে নীল ট্রলি ব্যাগ সহ দু'জন অভিযুক্ত ধরা পড়ে। ঘটনাস্থলে উত্তর বন্দর থানার পুলিশ উপস্থিত হয়। প্রাথমিক ভাবে উত্তর বন্দর থানায় একটি খুনের মামলার রুজু হয়। ২৭ ফেব্রুয়ারি ২০২৫ মধ্যমগ্রাম থানা তদন্ত ভার গ্রহণ করে। ২০ মে ২০২৫ তারিখে আরতি ঘোষ ও ফাল্গুনী ঘোষ উভয় অভিযুক্তের বিরুদ্ধে ১০৩(১)/২৩৮/৩(৫) বি এন এস ধারায় প্রথম চার্জসিট দাখিল করা হয়। ৩০ অক্টোবর ২০২৫ তারিখ বিচারক প্রজ্ঞা গার্গী ভট্টাচার্য হোসেন মা ও মেয়েকে দোষী সাব্যস্ত করেন। ৩ নভেম্বর ২০২৫ দোষী আরতি ঘোষ ও ফাল্গুনী ঘোষ উভয়ের সাজা ঘোষণা হয়। এদিন সন্ধ্যেয় সাংবাদিক বৈঠক করে পুরো ঘটনা জানান বারাসাত পুলিশ জেলার পুলিশ সুপার পতিক্ষা ঝারখরিয়া।

# নতুন রাস্তা তৈরির দাবিতে ভোট বয়কটের পোস্টার-সহ টায়ার জ্বালিয়ে ক্ষোভ মহিলাদের



**নিজস্ব প্রতিবেদন, মালদা:** নতুন রাস্তা তৈরির দাবিতে গ্রামের শতাধিক মহিলারা সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখালেন। হাতে ভোট বয়কটের পোস্টার নিয়ে এবং রাজ্য সড়কে টায়ার জ্বালিয়ে এদিনের বিক্ষোভ সামিল হন শতাধিক মহিলারা। সোমবার সকাল থেকেই এই অবরোধ আন্দোলনের জেরে ব্যাপক উত্তেজনা ছড়িয়ে পড়ে পুরাতন মালদা থানার মহিষবাথানি গ্রাম পঞ্চায়েতের আনন্দমোড় এলাকায়।

বিক্ষোভকারী মহিলাদের অভিযোগ, আনন্দমোড় আট মাইল থেকে বরকল বলরামপুর পর্যন্ত প্রায় তিন কিলোমিটার মাটির রাস্তা বেহাল হয়ে পড়েছে। সবসময় জলকাদায় ভরে থাকছে। স্কুলের ছাত্রছাত্রী থেকে সাধারণ মানুষ কোনও ভাবেই এই রাস্তা ব্যবহার করতে পারছেন না। এই রাস্তা দিয়ে অ্যাম্বুলেন্স, পুলিশের গাড়ি, দমকল কখনওই প্রবেশ করতে পারে না। দীর্ঘদিন ধরে প্রতিশ্রুতি দেওয়া হলেও রাস্তার কাজ সম্পন্ন হয়নি। তাই এদিন বাধ্য হয়ে এই বিক্ষোভ অবরোধ করা হয়েছে।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, মহিষবাথানি গ্রাম পঞ্চায়েতের সানজাইল, আটমাইল, বরকল, আনন্দপুর, নতুনটোলা-সহ একাধিক গ্রাম রয়েছে। যেখানে কয়েক হাজার মানুষের বসবাস। কিন্তু এইসব গ্রামে চলাচলের একমাত্র রয়েছে কাঁচা মাটির প্রায় তিন কিলোমিটার রাস্তা। যেটি আনন্দমৈড় হয়ে যেতে হয়। দীর্ঘদিন ধরে এই রাস্তায় বেহাল হওয়ার কারণেই সাধারণ মানুষের চলাচলের ক্ষেত্রে দুর্ভোগে পড়তে হচ্ছে। নানা ভাবে রাস্তা সংস্কারের দাবি জানানো হলেও তা করা হয়নি বলে অভিযোগ। আর তারপরেই এদিন গ্রামের শতাধিক মহিলারা বিক্ষোভ আন্দোলনে সামিল হন।

এদিন বিক্ষোভকারী গ্রামবাসী সানোয়ারা বেগম, লায়লা খাতুনদের অভিযোগ, বেহাল রাস্তার কারণে প্রায় দিনই দুর্ঘটনা ঘটছে। ছাত্র-ছাত্রীরা জলকাদা পেরিয়ে স্কুলে যেতে চাইছে না। গ্রামে অ্যাম্বুল্যান্সের গাড়ি প্রবেশ করতে পারে না। খুব কষ্টে মোটর বাইক বা সাইকেল নিয়ে মানুষকে চলাচল করতে হয়। এই তিন কিলোমিটার রাস্তা নতুন ভাবে তৈরি জন্য দীর্ঘদিন ধরেই নানান জায়গায় আবেদন জানানো হয়েছিল। কিন্তু কাজের কাজ কিছু হয়নি । তাই এবারে ভোট বয়কটের ডাক দিয়েই বিক্ষোভ অবরোধ দেখানো হয়েছে। আগামী নির্বাচনের আগে এলাকার এই রাস্তা নতুন ভাবে তৈরি করা না-হলে আরও বৃহত্তর আন্দোলন শুরু করা হবে।

এদিনের এই অবরোধ আন্দোলনের খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় মহিষবাথানি গ্রাম পঞ্চায়েত প্রধান নবনীতা মণ্ডল। তিনি বলেন, 'এই পঞ্চায়েতের কাছে কোনও রকম ভাবে আবেদন জানানো হয়নি। ফলে বিষয়টি জানা ছিল না। গ্রামবাসীদের সমস্যার কথা শুনেছি। দ্রুত এই তিন কিলোমিটার রাস্তা তৈরির ক্ষেত্রে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া হবে।'

# আইকিউ সিটি-কাণ্ডে দুই অভিযুক্তকে রাজসাক্ষীর প্রস্তাব সরকারি আইনজীবীর

**নিজস্ব প্রতিবেদন, দুর্গাপুর:** আইকিউ সিটি-কাণ্ডে দুই অভিযুক্তকে রাজসাক্ষীর প্রস্তাব সরকারি আইনজীবীর।

সোমবার ৬ অভিযুক্তকে ফের জেল হেপাজত থেকে দুর্গাপুর মহকুমার অতিরিক্ত জেলা আদালতে তোলা হয়। বিচারকের কাছে অভিযুক্ত সহপাঠী ওয়াসিফ আলীর আইনজীবী শেখর কুন্ডু সাওয়াল করেন, এত দ্রুত চার্জশিট দেওয়া হয়েছে চাপে পড়ে। আর যেন চার্জশিট জমা দিতে না পারে। পাশাপাশি তিনি আবেদন করেন, থানার সিসিটিভি ফুটেজ দেওয়ার জন্য। অন্যদিকে সরকারি আইনজীবী বিভাষ চট্টোপাধ্যায় বলেন, 'আমরা আইন অনুযায়ী শফিক শেখ এবং রিয়াজউদ্দিনকে রাজসাক্ষীর প্রস্তাব রেখেছি।' তারপরেই বিচারক একদিনের জেল হেপাজতের নির্দেশ দেন অভিযুক্তদের।

# ভোকেশনাল শিক্ষককে বিএলও করায় কমিশনে অভিযোগ-সহ সাংবাদিক সম্মেলন

**নিজস্ব প্রতিবেদন, বাগদা:** সোমবার থেকে চালু বাড়িতে গিয়ে ভোটার তালিকা সংশোধনের কাজ তার মধ্যে সোমবার বাগদার বয়রাতে তৃণমূল কংগ্রেসের পঞ্চায়েত সদস্য স্বামী কর্মী ভোকেশনাল শিক্ষককে বিএলও করা হয়েছে নির্বাচন কমিশনে অভিযোগ জানিয়ে সাংবাদিক সম্মেলন করল বনগাঁর বিজেপির প্রাক্তন জেলা সভাপতি এটা নির্বাচন কমিশনের বিষয় হারার ভয়ে বলছে পাল্টা দাবি তৃণমূলের। উত্তর ২৪ পরগনা বনগাঁ জেলা বিজেপির প্রাক্তন সভাপতি দেবদাস মণ্ডল এদিন একটি সাংবাদিক সম্মেলন করে অভিযোগ করেন, বাগদার ৯৫ পার্টের তৃণমূল কংগ্রেসের পঞ্চায়েত সদস্য অনিমা বিশ্বাসের স্বামী সুফল বিশ্বাসকে বিএলও করা হয়েছে। ১১৩ পার্টে ভোকেশনাল শিক্ষক তৃণমূল কংগ্রেস কর্মী মধুসূদন মণ্ডলকে বিএলও করা হয়েছে। ১০৭ নম্বর পার্টে হাবিবুর মণ্ডলকে বিএলও করা হয়েছে, যিনি ২০২৪ সালের লোকসভা নির্বাচনে তৃণমূল কংগ্রেসের বুথ এজেন্ট ছিলেন।

এই বিষয় নির্বাচন কমিশনের কাছে লিখিত ভাবে অভিযোগ জানানো হয়েছে এবং তিনি অভিযোগ তোলেন অবৈধ রোহিঙ্গা ভোটারদের রক্ষা করতে তৃণমূল কংগ্রেস এই ধরনের বিএলও দের নিয়োগ করেছে। অন্যদিকে তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে বনগাঁ জেলা তৃণমূল কংগ্রেসের সহ-সভাপতি প্রসেনজিৎ ঘোষ জানিয়েছেন, 'বিএলও নির্বাচন কমিশন নিয়োগ করেছে এটা আমাদের কোনও বিষয় নয়। বিজেপির পায়ের তলায় মাটি নেই সেই কারণে এই সমস্ত বলছে।' বাগদার জয়েন্ট বিডিও অরুণ কুমার মান্না জানিয়েছেন এই বিষয়ে বলেন, 'আমরা কোনও অভিযোগ পাইনি। আমরা অভিযোগ পেলে বিষয়টি খতিয়ে দেখব।' বয়রা গ্রাম পঞ্চায়েতের পঞ্চায়েত তৃণমূল কংগ্রেসের সদস্য অনিমা বিশ্বাসের স্বামী সুফল বিশ্বাস দাবি করেছেন, 'আমি নির্বাচন কমিশনের গাইডলাইন মেনে কাজ করি। নিষ্ঠার সঙ্গে কাজ করার চেষ্টা করি। যে কেউ অভিযোগ তুলতেই পারে কিন্তু আমি নির্বাচন কমিশনের গাইডলাইন মেনেই কাজ করি।'

# স্বামী-স্ত্রী-সন্তানের অস্বাভাবিক মৃত্যুতে কেয়ামুদ্দিনের বাবা ও দুই ভাই গ্রেপ্তার

**নিজস্ব প্রতিবেদন, হুগলি:** মা মেহেরুন্নিসা ও বোন মারিয়ম খাতুন, মেহেজামিন খাতুনকেও আটক করা হয়েছে। একই পরিবারের স্বামী, স্ত্রী ও শিশু সন্তান-সহ তিন জনের অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় রবিবার মৃত কেয়ামুদ্দিনের বাবা ও দুই ভাইকে গ্রেপ্তার করল ভদ্রেশ্বর থানার পুলিশ। পুলিশ জানিয়েছে, মৃত কেয়ামুদ্দিনের শ্বশুর মেহবুব আলমের অভিযোগের ভিত্তিতে পুলিশ তদন্ত শুরু করে ও মৃতের বাবা আব্দুল কাদির ও দুই ভাই মহম্মদ কুতুবুদ্দিন ও মহম্মদ কায়ুমকে গ্রেপ্তার করে।

এ দিন মৃত কেয়ামুদ্দিন, তাঁর স্ত্রী মমতাজ পারভিন ও কন্যা আফসার দেহের ময়নাতদন্ত হয় চুঁচুড়া ইমামবাড়া হাসপাতালে। মৃতের শ্বশুর মেহবুব আলমকে দেহগুলি হস্তান্তর করা হয়। এ দিন মেহবুব আলম বলেন, 'মৃত্যুর আগে মৃত কেয়ামুদ্দিনের ঘরের দেওয়ালে যে কয়েক জনের নাম লেখা ছিল, সেই নামগুলি মৃত্যুর আগের মুহূর্তের লেখা। তাই, যাদের পুলিশ গ্রেপ্তার করেছে, তারা ছাড়াও বাইরেও অনেকে আছে। অস্বাভাবিক মৃত্যু আসলে খুন না আত্মহত্যা, সেটা পুলিশ নিশ্চিত করুক।'

শনিবার সকালে চাঁপদানির অ্যাঙ্গাসের বাড়ি থেকে উদ্ধার হয় বাড়ির কর্তা কেয়ামুদ্দিন (৪৪), তাঁর স্ত্রী মুমতাজ পারভিন (৩০) ও তাঁদের শিশুকন্যা আফসার (১০) দেহ। প্রাথমিক ভাবে পুলিশের অনুমান ছিল, কেয়ামুদ্দিন নিজের হাতে রাতেই স্ত্রী ও শিশুকন্যাকে বিষ খাইয়ে দিয়ে নিজে আত্মঘাতী হন। সম্পত্তির ভাগ নিয়ে কেয়ামুদ্দিনের সঙ্গে তাঁর বাবা আব্দুল কাদির ও তিন বোনের সঙ্গে নিত্য অশান্তি লেগেই ছিল। বাজারে অনেক ধারদেনাও ছিল কেয়ামুদ্দিনের। মাস ছয়েক আগে কেয়ামুদ্দিন তার বাবাকে জমি বিক্রির কথা বলেন। বাবা রাজি হননি। উলটে ছেলে কেয়ামুদ্দিনের বিরুদ্ধে নির্যাতনের অভিযোগ তুলে পুলিশের কাছে অভিযোগ দায়ের করেন আব্দুল কাদির। ওই ঘটনায় বাবা ও ছেলের মধ্যে সম্পর্কের ফাটল আরও চওড়া হয়। এছাড়া, পরিবারকে গোপন করে ২০১৯-এ দ্বিতীয় বিয়ে করেন কেয়ামুদ্দিন। সেটাও জানাজানি হয় সম্প্রতি।

# অসুস্থ অপরূপা পোদ্দারের স্বামী রিষড়ার কাউন্সিলর সাকির আলি



**নিজস্ব প্রতিবেদন, হুগলি:** বাড়ি বাড়ি যাবেন বিএলওরা। সেই আবহেই অসুস্থ হয়ে পড়লেন রিষড়া পুরসভার চার নম্বর ওয়ার্ডের কাউন্সিলর সাকির আলি। প্রাক্তন তৃণমূল সাংসদ অপরূপা পোদ্দারের স্বামী সাকিরকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। বিজেপি বলছে, 'সব নাটক'। বাংলায় এসআইআর-এর প্রক্রিয়া শুরু হয়ে গিয়েছে। নির্বাচন কমিশনের ঘোষণামতো, মঙ্গলবার থেকেই ফর্ম দেওয়া শুরু হবে।

রিষড়ার তৃণমূল নেতা সাকির আলি হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। তাঁকে ভর্তি করা হয় একটি বেসরকারি হাসপাতালে। তাঁর দাবি, তাঁর এলাকায় একটি বস্তি আছে। সেখানে এসআইআর ঘোষণা হওয়ার পর থেকেই আতঙ্ক ছড়িয়েছে। হিন্দু-মুসলিম নির্বিশেষে সবাই এসআইআর-এর বিষয়ে জানতে যাচ্ছেন সাকির আলির কাছে। তাঁদের নাম আছ কি না, কাগজ ঠিক আছে কি না, তা দেখার জন্য যাচ্ছেন ওই বস্তিবাসীরা। সাকিরের দাবি, তাঁরা ভয় পাচ্ছেন, তাঁদের নাম বাদ যাবে না তো? সবাইকে সে কথা বোঝাতে গিয়ে নিজেই অসুস্থ হয়ে পড়েন তিনি। তাঁকে হাসপাতালে ভর্তি করতে হয়।

বিজেপির রাজ্য কমিটির সদস্য স্বপন পাল এই প্রসঙ্গে বলেন, 'সব নাটক। রিষড়া পুরসভার চার নম্বর ওয়ার্ডের তৃণমূল কাউন্সিলর শুনলাম অসুস্থ হয়ে পড়েছেন এসআইআর-এর ভয়ে। এসব নাটক ছাড়া আর কিছু নয়। দেশের ১২টা রাজ্যে এসআইআর হচ্ছে। সেখানে কেউ অসুস্থ হয়ে পড়ছে না। এখানে তৃণমূলের নেতা কাউন্সিলররা অসুস্থ হয়ে পড়ছে!' বিজেপি নেতার আরও দাবি, সাকির আলির সঙ্গে রিষড়া পুরসভার চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানের আদায়-কাঁচকলায় সম্পর্ক। তাই মানুষের দৃষ্টি ঘোরানোর জন্য আর কিছুটা প্রচারে আসার জন্য, এইসব নাটক করছেন। রাজ্যের বিভিন্ন জায়গায় এসআইআর নিয়ে আতঙ্ক ছড়িয়েছে। একাধিক মৃত্যুর কারণ হিসেবে এসআইআর আতঙ্কের কথা বলা হচ্ছে।

# রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের গ্রাহক সেবা কেন্দ্রে প্রতারিতদের বিক্ষোভ

**নিজস্ব প্রতিবেদন, বাঁকুড়া:** এলাকায় রাষ্ট্রায়ত্ব ব্যাঙ্ক দূরে। প্রত্যন্ত এলাকার মানুষের কাছে ব্যঙ্কিং পরিষেবা পৌঁছে দিতে রাষ্ট্রায়ত্ব ব্যঙ্ক জয়পুর ব্লকের গোপালনগর গ্রামে একটি গ্রাহক সেবা কেন্দ্র চালু করেছিল। সেই কেন্দ্রেই আর্থিক পরিষেবা নিতে গিয়ে এবার কয়েক কোটি টাকার প্রতারণার শিকার হলেন এলাকার কয়েকশো গ্রাহক। ঘটনা বাঁকুড়ার জয়পুর থানার গোপালনগর গ্রাম সহ বেশ কয়েকটি গ্রামের। সোমবার প্রতারিতরা রাষ্ট্রায়ত্ব ব্যঙ্কের ওই নির্দিষ্ট শাখায় বিক্ষোভে ফেটে পড়লে উত্তেজনা তৈরি হয়। এদিকে নির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে ওই গ্রাহক সেবা কেন্দ্রের ৩ কর্মকর্তাকে গ্রেপ্তার করেছে জয়পুর থানার পুলিশ। তোলা হয়েছে বিষ্ণুপুর মহকুমা আদালতে।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, বাঁকুড়ার জয়পুর ব্লকের গোপালনগর গ্রামে মানুষকে ব্যঙ্কিং পরিসেবা নিতে আগে ছুটতে হত প্রায় ৭ কিমি দূরের জয়পুরে। গ্রামের মানুষদের এই সমস্যা দূর করতে বছর কয়েক আগে গোপালনগরে ওই ব্যাংকের গ্রাহক পরিসেবা কেন্দ্র চালু করে একটি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক। চালু হতেই অত্যন্ত জনপ্রিয় হয়ে ওঠে গ্রাহক সেবা কেন্দ্র। ওই গ্রাহক সেবা কেন্দ্রের মাধ্যমে এলাকার দিনা আনি দিন খাওয়া মানুষ যেমন নিশ্চিন্তে নিজেদের সঞ্চয় আমানত জমা করতেন তেমনই বিভিন্ন স্বনির্ভর গোষ্ঠীর মহিলারা তাঁদের ঋণের লক্ষ লক্ষ টাকা ওই কেন্দ্রগুলির মাধ্যমে ব্যাঙ্কে পরিশোধ করতেন। বিনিময়ে গ্রাহক সেবা কেন্দ্রগুলি থেকে তাঁদের রসিদও দেওয়া হয়। চলতি বছর সেপ্টেম্বর মাসে হঠাৎই মহিলা গোষ্ঠীর একটা গ্রুপ জানতে পারেন গ্রাহক সেবা কেন্দ্রে জমা করা তাদের আমানত জমা পড়েনি ব্যাঙ্কে। তাঁদের যে রসিদ দেওয়া হয়েছে তাও ভুয়ো। এরপরই একে একে দেখা যায় ওই গ্রাহক সেবা কেন্দ্রে কমবেশি প্রায় প্রত্যেক গ্রাহক এমনকি স্বনির্ভর দলের পরিশোধ করা টাকাও ভুয়ো রসিদের বিনিময়ে আত্মসাৎ করেছে ওই গ্রাহক সেবা কেন্দ্রের কর্মকর্তারা। এরপর থানার দ্বারস্থ হয়ে গ্রাহক সেবা কেন্দ্রের ৩ পরিচালকের নামে অভিযোগ দায়ের করলে রবিবার অভিযুক্ত ৩ জনকেই গ্রেপ্তার করে জয়পুর থানার পুলিশ। আজ ধৃতদের বিষ্ণুপুর মহকুমা আদালতে পেশ করা হয়। এদিকে প্রতারিত গ্রাহকেরা নিজেদের টাকা ফেরতের দাবিতে আজ বাঁকুড়ার জয়পুরে নির্দিষ্ট ওই রাষ্ট্রায়ত্ব ব্যঙ্কের শাখায় জমায়েত করে বিক্ষোভ দেখাতে থাকেন। ব্যাঙ্কে প্রবেশ করে সেখানেও চলে বিক্ষোভ। পরিস্থিতি সামাল দিতে ওউ ব্যঙ্কে জয়পুর থানার পুলিশ গেলে পুলিশকে ঘিরেও বিক্ষোভ দেখান প্রতারিত গ্রাহকেরা। ব্যাংকের ম্যানেজার ছুটিতে রয়েছে তাই এ বিষয়ে কিছু বলতে চাইছেন না ডেপুটি ম্যানেজার।

# দুর্গাপুরে মর্মান্তিক পথদুর্ঘটনায় মৃত্যু তরুণ ফুটবলার-সহ ২ জনের

**নিজস্ব প্রতিবেদন, দুর্গাপুর:** মর্মান্তিক পথ দুর্ঘটনায় মৃত্যু তরুণ ফুটবলার সহ ২জনের।

দু'টি বাইকের সংঘর্ষে মর্মান্তিক মৃত্যু দু'জনের। মৃত দুই যুবকের নাম লাল্টু বাগদি (৩২) এবং সুকান্ত হাঁসদা(২০)। ঘটনাটি ঘটেছে রবিবার রাতে জেমুয়ার জঙ্গলে। পুলিশ সূত্রে জানা গেছে, একটি বাইকে সুকান্ত, লাল্টু সহ চারজন ছিল। সুকান্ত ভালো ফুটবলার ছিল। তাঁরা পাড়দই এলাকায় ফুটবল খেলতে যাচ্ছিল। আরেকটি বাইকে দুজন ছিল। দুটি বাইকের সংঘর্ষ হয়। আশঙ্কাজনক অবস্থায় ছ'জনকেই দুর্গাপুর মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা দু'জনকে মৃত বলে ঘোষণা করে। আরও তিনজনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় বর্ধমান মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠায়। আর একজন দুর্গাপুর মহকুমা হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। এই মর্মান্তিক মৃত্যুকে ঘিরে গোটা এলাকা শোকস্তব্ধ।



*সোমবার উত্তরপাড়ার গণভবনে তৃণমূল কংগ্রেসের বিএলএদের নিয়ে এক ট্রেনিংয়ে বক্তব্য রাখছেন উত্তরপাড়া পুরসভার চেয়ারম্যান দিলীপ যাদব।*

# চাকরি দেওয়ার নাম করে প্রতারণা

**নিজস্ব প্রতিবেদন, ভাতার:** পূর্ব বর্ধমান জেলার ভাতারের কর্জনা গ্রামের এক মহিলাকে চাকরি দেওয়ার নাম করে মোটা টাকা হাতিয়ে নেয় মুর্শিদাবাদের এক ব্যক্তি। ওই ব্যক্তিকে মুর্শিদাবাদের বহরমপুর এলাকা থেকে গ্রেপ্তার করে পুলিশ সোমবার বর্ধমান জেলা আদালতে পেশ করে পুলিশ। পূর্ব বর্ধমান জেলার ভাতারের কর্জনা গ্রামের বাসিন্দা, রিমা সাহার কাছ থেকে চাকরি দেওয়ার নাম করে মোটা টাকা হাতিয়ে নেয় মুর্শিদাবাদের বহরমপুরের বাসিন্দা জিতেন চন্দ্র সরকার। এই বিষয়ে ওই মহিলা গত ইংরেজির জুন মাসের ২৩ তারিখে ভাতার থানায় লিখিত অভিযোগ দায়ের করেন। সেই অভিযোগের ভিত্তিতে পুলিশ জিতেন্দ্র সরকারের তল্লাশি শুরু করে।

# মধ্যপ্রদেশে আত্মসমর্পণ মাওবাদী নেত্রী সুনীতার

**ভোপাল, ৩ নভেম্বর:** কেন্দ্রের প্রতিশ্রুতিতে সমাজের মূলস্রোতে ফিরছে লাল-সন্ত্রাস। ছত্তিশগড়ে প্রায় কোমড় ভেঙে গিয়েছে মাওবাদীদের। তার মাঝেই এবার মধ্যপ্রদেশে আত্মসমর্পণ করলেন মাওবাদী নেত্রী সুনীতা (২৩)। তার মাথার দাম ছিল ১৪ লক্ষ টাকা।

একটি বিবৃতিতে মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী মোহন যাদব জানান, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ মাওবাদীদের আত্মসমর্পণের জন্য আগেই সতর্ক করেছিলেন। তা না করলে তিনি তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণেরও হুঁশিয়ারি দিয়েছিলেন। সুনীতার আত্মসমর্পণ তাঁর এই পদক্ষেপেরই ফল। তিনি বলেন, '১৯৯২ সালের পর এই প্রথম অন্য রাজ্যের কোনও মাওবাদী মধ্যপ্রদেশ সরকারের কাছে আত্মসমর্পণ করল। গত ১০ মাসে রাজ্যে যত মাওবাদী আত্মসমর্পণ করেছে, তাদের সম্মিলিত মাথার দাম ১.৪৬ কোটি।'

বালাঘাটে মধ্যপ্রদেশ পুলিশের মাওবাদী দমন বাহিনী 'হক ফোর্স'-এর সামনে সুনীতা আত্মসমর্পণ করে। সে নিষিদ্ধ সংগঠন সিপিআই (মাওবাদী)-র কেন্দ্রীয় কমিটির সদস্য ছিল। পুলিশ সূত্রে খবর, বালাঘাট-সহ একাধিক জেলায় সংগঠন শক্তিশালী করার দায়িত্বে ছিল সুনীতা। একইসঙ্গে সে মাওবাদী গোষ্ঠী পিপলস লিবারেশন গেরিলা আর্মি (পিএলজিএ)-র একজন কমান্ডারও ছিল।



মাথার দাম ছিল ১৪ লক্ষ

ছত্তিশগড়, মহারাষ্ট্র এবং মধ্যপ্রদেশ পুলিশ যৌথভাবে সুনীতার মাথার দাম রেখেছিল ১৪ লক্ষ টাকা।

'হক ফোর্স'-এর সহকারী কমান্ডার রূপেন্দ্র ধুরভে বলেন, 'সুনীতা ছত্তিশগড়ের বিজাপুরের গোমভেতার বাসিন্দা। মধ্যপ্রদেশের পাশাপাশি সে মহারাষ্ট্র এবং ছত্তিশগড়েও সক্রিয় ছিল। সোমবার একটি ইনসাস রাইফেল নিয়ে সে আত্মসমর্পণ করে।'

# ফের ভূমিকম্প আফগানিস্তানে, মৃত অন্তত ২০, আহত বহু

**কাবুল, ৩ নভেম্বর:** ফের ভয়াবহ ভূমিকম্প আফগানিস্তানে। তিন মাসে চতুর্থবার। সোমবার সকালে আফগান শহর মাজার-ই-শরিফে ৬.৩ রিখটার স্কেলে কম্পন হয়। কমপক্ষে ২০ জনের মৃত্যু হয়েছে আফগানিস্তানে। আড়াইশোও বেশি মানুষ আহত হয়েছেন। ইতিমধ্যেই উদ্ধারকাজ শুরু হয়েছে আফগানিস্তানে। উল্লেখ্য, গত সেপ্টেম্বরে ভূমিকম্পের জেরে দু'হাজারেও বেশি মানুষ প্রাণ হারিয়েছেন সেদেশে।

মার্কিন জিওলজিক্যাল সার্ভে সূত্রে খবর, ভূপৃষ্ঠ থেকে ২৮ কিলোমিটার গভীরে কম্পনের উৎসস্থল। পার্বত্য অঞ্চল মাজার-ই-শরিফে সোমবার ভোররাতে কম্পন অনুভূত হয়। স্থানীয় স্বাস্থ্য বিভাগের মুখপাত্র সামিম জোয়ান্ডা জানান, প্রাথমিকভাবে ৭ জনের মৃত্যু হয়েছে। ১৫০ জন আহত। তবে



বেলা বাড়তে পাল্লা দিয়ে বাড়ছে মৃতের সংখ্যাও। শেষ পাওয়া খবর অনুযায়ী, মৃতের সংখ্যা ২০। হু হু করে বাড়ছে আহতের সংখ্যাও। উদ্ধারকারী দল ক্ষতিগ্রস্থ এলাকায় কাজ শুরু করেছে। উদ্ধারকাজে শামিল হয়েছে সেদেশের সেনাও।

প্রসঙ্গত, গত সেপ্টেম্বর মাসে মাত্র ২৪ ঘণ্টার ব্যবধানে দু'বার কম্পন হয় আফগানিস্তানে। একের পর এক ভূমিকম্পে তছনছ হয়ে গিয়েছিল আফগানিস্তানের বিস্তীর্ণ এলাকা। রিখটার স্কেলে তার মাত্রা ছিল ৬.৩। মৃত্যু হয়েছিল দু'হাজারেরও বেশি মানুষের। প্রায় হাজার তিনেক মানুষ জখম হয়েছিলেন। গতমাসের মাঝামাঝিও ৫.২ রিখটার স্কেলে কেঁপে ওঠে আফগানিস্তান। 'বন্ধু'র বিপদে সাহায্য পাঠিয়েছিল ভারত। মাত্র তিন মাসের ব্যবধানে চতুর্থবার প্রকৃতির রোষে আফগানিস্তান।

# অনিল আম্বানির ৩০০০ কোটি টাকার সম্পত্তি বাজেয়াপ্ত করল ইডি

**মুম্বই, ৩ নভেম্বর:** রিলায়্যান্স গোষ্ঠীর চেয়ারম্যান অনিল আম্বানির সঙ্গে সম্পর্কিত তিন হাজার কোটি টাকার সম্পত্তি বাজেয়াপ্ত করল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। 'রিলায়্যান্স অনিল ধীরুভাই আম্বানি গ্রুপ'-এর অধীনস্থ বিভিন্ন সংস্থায় আর্থিক দুর্নীতির অভিযোগের তদন্ত চালাচ্ছে ইডি। সোমবার সকালে আধিকারিক সূত্রে সংবাদ সংস্থা পিটিআই জানিয়েছে, ওই তদন্তের সূত্রেই এই তিন হাজার কোটিরও বেশি টাকার সম্পত্তি বাজেয়াপ্ত করা হয়েছে। কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার ওই সূত্র জানিয়েছে, বাজেয়াপ্ত হওয়া সম্পত্তিগুলির মধ্যে দিল্লিতে মহারাজা রণজিৎ সিং মার্গে 'রিলায়্যান্স সেন্টার'-এর একটি জমি রয়েছে। এ ছাড়া রাজধানী দিল্লি, নয়ডা, গাজিয়াবাদ, পুণে, মুম্বই, থানে, হায়দরাবাদ, চেন্নাই এবং অন্ধ্রপ্রদেশের পূর্ব গোদাবরী জেলার কিছু সম্পত্তিও রয়েছে বাজেয়াপ্তের তালিকায়। ইডির ওই সূত্রের দাবি, সব মিলিয়ে ৩,০৮৪ কোটি টাকার সম্পত্তি বাজেয়াপ্ত হয়েছে। আম্বানি গ্রুপের বিরুদ্ধে আর্থিক জালিয়াতির অভিযোগ এনেছে এসবিআই-সহ দেশের একাধিক ব্যাঙ্ক। কয়েক মাস আগে এই ইডি-র জিজ্ঞাসাবাদের মুখে পড়েছিলেন অনিল। দিল্লিতে ইডির দপ্তরে হাজিরা দিয়েছিলেন তিনি। প্রায় ১৭ হাজার কোটি টাকার ঋণ জালিয়াতি মামলায় জিজ্ঞাসাবাদের জন্য তাঁকে তলব করে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। ব্যাঙ্ক জালিয়াতির মামলায় পৃথক তদন্ত চালাচ্ছে আর এক কেন্দ্রীয় এজেন্সি সিবিআই-ও। অনিলের সংস্থার বিরুদ্ধে বেনিয়মের অভিযোগের তদন্তে নেমে সম্পত্তি বাজেয়াপ্ত করার জন্য চারটি নির্দেশিকা জারি করেছিল ইডি।


শ্রেণীবদ্ধ বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-মোঃ ৯৮৩১৯১৯৭৯১

**SAINTHIA PANCHAYAT SAMITY**

Executive Officer, Sainthia Panchayet Samiti & BDO, Sainthia Dev. Block invites e-NIT No 052 to 060/WB-BIR-SNT/2025-2026 Vide memo no. 1087 to 1095 Dt. 17.10.2025 for 86 nos of different types of work under APAS Fund whose last date of apply 17/11/2025. Details may be obtained from WB Tenders website/office notice board.

Sd/-
Executive Officer
Sainthia Panchayet Samiti,
Ahmadpur, Birbhum

**KANCHRAPARA MUNICIPALITY**
**NOTICE**
The Following E-Tender are invited by the Chairman, on behalf of Kanchrapara Municipality from well reputed Agency /Personnel through the Website **https://wbtenders.gov.in** **Tender Notice No. 1953, Dt. 31/10/2025** for Civil Works at this Municipal Jurisdiction under APAS Programme, **Tender Referance No: WBMAD/ULB/KPM/APAS/NIT-46/25-26/SL=1 to 2,** Last Date of Bid Submission **22/11/2025 at 11. Hrs.**
Sd/- **Kamal Adhikary**
**Chairman,**
**Kanchrapara Municipality**

**দক্ষিণ পূর্ব রেলওয়ে – টেন্ডার**

ভারতের রাষ্ট্রপতির জন্যে ও তরফে, জেনারেল ম্যানেজার (ইএনজিজি.), দক্ষিণ পূর্ব রেলওয়ে, গার্ডেন রিচ, কলকাতা-৭০০০৪৩ নিম্নলিখিত কাজের জন্য ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে: **টেন্ডার নং. :** **বিআর-এইচকিউ-কেজিপি-২৫-২৬-০৮;** **কাজের বর্ণনা:** "এএক্সইএন (ব্রিজ)/খড়গপুরের আওতাধীন ০১.১০.২০২৫ থেকে ৩০.০৯.২০২৭ সময়কালে এসএসই/বিআর/কেজিপি-I -এর ব্রিজ জোনাল কাজ"। **টেন্ডার মূল্য:** ₹ ২,৯৬,১১,০৭৭.৩৯; **বায়না মূল্য:** ₹ ২,৯৮,১০০.০০; টেন্ডার মূল্য: শূন্য; টেন্ডার বন্ধের তারিখ: ২৭.১১.২০২৫ তারিখে ১১:৩০ টায় ; সমাপ্তির সময়কাল: ২৪ (চব্বিশ) মাস; আগ্রহী দরপত্রদাতারা টেন্ডারের সম্পূর্ণ বিবরণ/বর্ণনা জানতে এবং এই টেন্ডারের অবস্থা জানতে **www.ireps.gov.in** ওয়েবসাইটটি দেখতে পারেন যাতে তারা অনলাইনে তাদের বিড জমা দিতে পারেন। এই কাজের জন্য শারীরিক/ম্যানুয়াল টেন্ডার গ্রহণ করা হবে না।
**(PR-790)**

**OFFICE OF THE SAINTHIA MUNICIPALITY**
**P.O.: SAINTHIA,DIST.:BIRBHUM**
NOTICE INVITING TENDER NO-
e-NIT NO:
WBMAD/SM/Engg.Sec/APAS/12 of 2025-26
The Chairman of Sainthia Municipality invited tenders for the work of - Construction of Community Hall. Community Toilet, Cremation Ground, Cultural Stage at different Ward Under Sainthia Municipality.
Tenders Submission closing date: - 1) 26.11.2025 at 11.00 A.M
For further details please contact the mentioned office.
Sd/-Chairman
Sainthia Municipality, Sainthia,Birbhum

**Notice Inviting e-Tender**

Undersigned invites **E-NIT Memo No: 513/DNK-PS/ ENG/ 2025, Date : 03 /11/2025** for some civil works under Rural Roads -2025 Fund. Last date of bid submission through online at e-procurement link **https://wbtenders.gov.in** on **17.11.2025 up to 5.00 PM.** Details can be seen at **www.hooghly.nic.in** or at the office of undersigned in any working days within office hour.
**Sd/-**
**Executive Officer**
**Dhaniakhali Panchayat Samity**
**Dhaniakhali, Hooghly**

**KANCHRAPARA MUNICIPALITY**
**NOTICE**
The Following E-Tender are invited by the Chairman, on behalf of Kanchrapara Municipality from well reputed Agency /Personnel through the Website **https://wbtenders.gov.in** **Tender Notice No. 1952, Dt. 31/10/2025** for Civil Works at this Municipal Jurisdiction under APAS Programme, **Tender Referance No: WBMAD/ULB/KPM/APAS/NIT-45/25-26/SL=1 to 4,** Last Date of Bid Submission **22/11/2025 at 11. Hrs.**
Sd/- **Kamal Adhikary**
**Chairman,**
**Kanchrapara Municipality**

**KANCHRAPARA MUNICIPALITY**
**NOTICE**
The Following E-Tender are invited by the Chairman, on behalf of Kanchrapara Municipality from well reputed Agency /Personnel through the Website **https://wbtenders.gov.in** **Tender Notice No. 1951, Dt. 31/10/2025** for Civil Works at this Municipal Jurisdiction under APAS Programme, **Tender Referance No: WBMAD/ULB/KPM/APAS/NIT-44/25-26/SL=1 to 2,** Last Date of Bid Submission **22/11/2025 at 11. Hrs.**
Sd/- **Kamal Adhikary**
**Chairman,**
**Kanchrapara Municipality**

**BOLPUR MUNICIPALITY**
**Bolpur, Birbhum**

**(1) WBMAD/ULB/ BM/PW/APAS/NIT–37/2025-2026**
**Memo No:- 2926/PWD/BM/2025-2026, Dated- 31.10.2025**
Number of Work:-15 (Fifteen) Sl. No. 1 -15. 15 Nos. Upgradation of CC road work in different location of Bolpur Municipality. Last Date of Submission 22.11.2025 at 9:00 AM for details see Bolpur Municipality Notice Board & Website:- **www.wbtenders.gov.in**

**(2) WBMAD/ULB/ BM/PW/APAS/NIT–38/2025-2026**
**Memo No:- 2927/PWD/BM/2025-2026, Dated- 31.10.2025**
Number of Work:-14 (Fourteen) Sl. No. 1 -14. 14 Nos. Upgradation of CC road work in different location of Bolpur Municipality. Last Date of Submission 22.11.2025 at 9:00 AM for details see Bolpur Municipality Notice Board & Website:- **www.wbtenders.gov.in**

**(3) WBMAD/ULB/ BM/PW/APAS/NIT–39/2025-2026**
**Memo No:- 2928/PWD/BM/2025-2026, Dated- 31.10.2025**
Number of Work:-20 (Twenty) Sl. No. 1 -20. 14 Nos. Upgradation of CC drain work in different location of Bolpur Municipality. Last Date of Submission 22.11.2025 at 9:00 AM for details see Bolpur Municipality Notice Board & Website:- **www.wbtenders.gov.in**

**(4) WBMAD/ULB/ BM/PW/APAS/NIT-40/2025-2026**
**Memo No:- 2929/PWD/BM/2025-2026, Dated- 31.10.2025**
Number of Work:-32 (Thirty Two) Sl. No. 1 -32. 32 Nos. Upgradation of CC drain work in different location of Bolpur Municipality. Last Date of Submission 22.11.2025 at 11:00 AM for details see Bolpur Municipality Notice Board & Website:- **www.wbtenders.gov.in**

**(5) WBMAD/ULB/ BM/PW/APAS/NIT–41/2025-2026**
**Memo No.- 2930/PWD/BM/2025-2026, Dated- 31.10.2025**
Number of Work:-25 (Twenty Five) Sl. No. 1 -25. 25 Nos. Upgradation of CC road work in different location of Bolpur Municipality. Last Date of Submission 22.11.2025 at 11:00 AM for details see Bolpur Municipality Notice Board & Website:- **www.wbtenders.gov.in**

**(6) WBMAD/ULB/ BM/PW/APAS/NIT-42/2025-2026**
**Memo No. 2931/PWD/BM/2025-2026, Dated- 31.10.2025**
Number of Work:-22 (Twenty Two) Sl. No. 1 -22. 22 Nos. Upgradation of CC road work in different location of Bolpur Municipality. Last Date of Submission 22.11.2025 at 11:00 AM for details see Bolpur Municipality Notice Board & Website:- **www.wbtenders.gov.in**

**(7) WBMAD/ULB/ BM/PW/APAS/NIT-43/2025-2026**
**Memo No. 2932/PWD/BM/2025-2026, Dated- 31.10.2025**
Number of Work:-25 (Twenty Five) Sl. No. 1 -25. 25 Nos. Upgradation of CC road work in different location of Bolpur Municipality. Last Date of Submission 22.11.2025 at 11:00 AM for details see Bolpur Municipality Notice Board & Website:- **www.wbtenders.gov.in**

**Sd/-**
**Chairman**
**Bolpur Municipality**

**STATE FISHERIES DEVELOPMENT CORPORATION LIMITED**

**SFDCL** invites e-tender from eligible bidder regarding supply of De-Oiled Rice Bran **(DORB)** in different fisheries projects. vide NIT Ref. No. **SFDC/MD/NIT/Inland/2025-26/10(e)** for which Bid submission start & end date are **04.11.2025 & 12.11.2025** respectively. For details visit: **wbtenders.gov.in**

**eTender notice of Gohaliara GP Dubrajpur Dev. Block, Birbhum Prodhan ,Gohaliara GP invited eTender of 22(Twenty Two) Schemes of APAS & 15th FC (Untied) vide NIT No-07/GGP/25-26 DATED.30.10.2025**
**Bid Starts : 01/11/2025**
**Bid Ends: Follow website.**
**For details pls visit**
**http://wbtenders.gov.in**
**or GP Office notice board.**
**Sd/- Prodhan**
**Gohaliara Gram Panchayet**

**KANCHRAPARA MUNICIPALITY**
**NOTICE**
The Following E-Tender are invited by the Chairman, on behalf of Kanchrapara Municipality from well reputed Agency /Personnel through the Website **https://wbtenders.gov.in** **Tender Notice No. 1949, Dt. 31/10/2025** for Civil Works at this Municipal Jurisdiction under APAS Programme, **Tender Referance No: WBMAD/ULB/KPM/APAS/NIT-42/25-26/SL=1 to 2,** Last Date of Bid Submission **22/11/2025 at 11. Hrs.**
Sd/- **Kamal Adhikary**
**Chairman,**
**Kanchrapara Municipality**

**KANCHRAPARA MUNICIPALITY**
**NOTICE**
The Following E-Tender are invited by the Chairman, on behalf of Kanchrapara Municipality from well reputed Agency /Personnel through the Website **https://wbtenders.gov.in** **Tender Notice No. 1950, Dt. 31/10/2025** for Civil Works at this Municipal Jurisdiction under APAS Programme, **Tender Referance No: WBMAD/ULB/KPM/APAS/NIT-43/25-26/SL=1 to 5,** Last Date of Bid Submission **22/11/2025 at 11. Hrs.**
Sd/- **Kamal Adhikary**
**Chairman,**
**Kanchrapara Municipality**

**KANCHRAPARA MUNICIPALITY**
**NOTICE**
The Following E-Tender are invited by the Chairman, on behalf of Kanchrapara Municipality from well reputed Agency /Personnel through the Website **https://wbtenders.gov.in** **Tender Notice No. 1947, Dt. 31/10/2025** for Civil Works at this Municipal Jurisdiction under APAS Programme, **Tender Referance No: WBMAD/ULB/KPM/APAS/NIT-40/25-26/SL=1 to 3,** Last Date of Bid Submission **22/11/2025 at 11. Hrs.**
Sd/- **Kamal Adhikary**
**Chairman,**
**Kanchrapara Municipality**

**KANCHRAPARA MUNICIPALITY**
**NOTICE**
The Following E-Tender are invited by the Chairman, on behalf of Kanchrapara Municipality from well reputed Agency /Personnel through the Website **https://wbtenders.gov.in** **Tender Notice No. 1948, Dt. 31/10/2025** for Civil Works at this Municipal Jurisdiction under APAS Programme, **Tender Referance No: WBMAD/ULB/KPM/APAS/NIT-41/25-26/SL=1 to 6,** Last Date of Bid Submission **22/11/2025 at 11. Hrs.**
Sd/- **Kamal Adhikary**
**Chairman,**
**Kanchrapara Municipality**

**DHABLAT GRAM PANCHAYAT**
**Vill.+P.O.: Chemaguri, Sagar Coastal, Dist.- 24 Pgs. (S)**

Memo No- 322/DGP Date-15.10.2025
On behalf of Dhablat Gram panchayat of sagar block under south 24 parganas dist invites bids through open e-tender process for the vide **NIT No 320/ DGP**, OF GS MELA 2026 under Dhablat Gram panchayat Dated 15.10.2025.
Details are available in the website **wbtenders.gov.in**
**Sd/- Pradhan,**
**Dhablat Gram Panchayat**

**TENDER NOTICE**

| N.I.T No. | Name of Work | Estimated Amount |
|---|---|---|
| WBMAD/ULB/RSM/1033/25-26 Dated 18.10.2025 | Estimate for The Construction of Proposed C.C. Road and Slab over Surface Drain (marked as Sl. 1/273) from Lake Garden Club to Sreepur End Via Jora Math at Booth No.-273 of WardNo.31 under Rajpur - Sonarpur Municipality. | Rs. 9,80,513.00 |

Bid Submission end date: **17.11.2025 at 11-00 hrs**. For more information please visit **http://www.wbtenders.gov.in** **Sd/- E.O., Rajpur-Sonarpur Municipality**

**TENDER NOTICE**

| N.I.T No. | Name of Work | Estimated Amount |
|---|---|---|
| WBMAD/ULB/RSM/966/25-26 Dated 18.10.2025 | Upgradation of concrete road from Ashim Ghosh towards Prasanta Majumder house in Ward no-22,Under Rajpur-Sonarpur Municipality, Booth No.-190(Proposal Serial No-1) Within 147, Sonarpur Dakshin A.C. | Rs. 9,80,513.00 |

Bid Submission end date: **17.11.2025 at 11-00 hrs.** For more information please visit **http://www.wbtenders.gov.in**
**Sd/- E.O., Rajpur-Sonarpur Municipality**

**ASANSOL DURGAPUR DEVELOPMENT AUTHORITY**
**(A Statutory body of the Govt. of West Bengal)**
**City Centre, Durgapur - 713216**
**(Ph.: 0343-2546716/6815)**
**N.I.T. (Online) No: - ADDA/DGP/ED/N-47/25-26 Dated 03.11.2025**
Exe. Engr.(Civil), ADDA invites **Percentage Rate Tender** (Online Bid System) for the works: **(1)** Tender ID No. 2025_ADDA_937380_1 **(2)** Tender ID No. 2025_ADDA_937466_1 **(3)** Tender ID No. 2025_ADDA_937462_1 **(4)** Tender ID No. 2025_ADDA_937596_1. For other details visit our website **www.addaonline.in** or **http://wbtenders.gov.in** **Sd/- Exe. Engr. (Civil), ADDA**

**Nischinda Gram Panchayat**
**Bally, Howrah**
**E-TENDER INVITING NOTICE**
Electronic Tenders are hereby invited from the bonafied and resourceful bidders for different development works vide **e-NIT No. ENIT -13/1 to 10, ENIT-14/1 to 8, RE-NIT 11/8 and 9. Fund : AMADER PARA AMADER SAMADHAN.** Published date: **01/11/2025.** Last date of Bid submission: **21/11/2025.** Date of opening: **24/11/2025.** Details are available in **https://wbtenders.gov.in** & **https://etender.wb.nic.in** and Office Notice Board.
**Sd/-**
**Prodhan**
**Nischinda Gram Panchayat**

**SRIDHARNAGAR GRAM PANCHAYAT**
**Vill + P.O– Raskhalpur, P.S– Gobardhanpur Coastal, Dist.- South 24 Parganas**
**ABRIDGED NIT**
On behalf of Sridharnagar Gram Panchayat under Patharpratima Block of South 24 Pgs district we invite bids for various kind of work **Vide NIT No. 444/SGP/United/2025, Dated : 04/11/2025** within the GP area. The last bid submission date is **19/11/2025 till 12.00 A.M.** For more details visit to our GP office Notice Board or visit **wbtenders.gov.in**.
**Sd/-Pradhan,**
**Sridharnagar GP**

**GOBARDANGA MUNICIPALITY**
**NOTICE INVITING E-TENDER**
**Memo: 1142/GM/NIT/SWM/25,** **Dated: 18/10/2025**
**Tender No. WBMAD/ULB/GOBAR/NIT-11(e)/25, DT:-03/11/2025**
**The e-tender has hereby invited by the Chairman, Gobardanga Municipality. Name of the work:** Construction of approach road at CPU site under SWM project in ward no.03 under Gobardanga Municipality. **Last date of submission of Bid on 28/11/25.** For details Visit: **https://wbtenders.gov.in.**
**Sd/- Chairman**
**GOBARDANGA MUNICIPALITY**

**BARRACKPORE MUNICIPALITY**
**B.T. ROAD, TALPUKUR, KOLKATA - 700 123.**
**TENDER NOTICE**
**No. 29/25-26/APAS/T Dated 03.11.2025.**
e-tender is invited by the Chairman, Barrackpore Municipality from the eligible agency for Different Development Works. Last date of submission of tender: **25.11.2025 up to 12.0 noon**. The detail tender notice may be seen in the **www.wbtenders.gov.in**, Notice Board of Barrackpore Municipality, SDO, Barrackpore, Station Manager, Barrackpore Railway Station.
**S/d. Uttam Das.**
**Chairman**
**Barrackpore Municipality**

**BARRACKPORE MUNICIPALITY**
**B.T. ROAD, TALPUKUR, KOLKATA - 700 123.**
**TENDER NOTICE**
**No. 28/25-26/APAS/T Dated 31.10.2025.**
e-tender is invited by the Chairman, Barrackpore Municipality from the eligible agency for Different Development Works. Last date of submission of tender: **22.11.2025 up to 12.0 noon**. The detail tender notice may be seen in the **www.wbtenders.gov.in**, Notice Board of Barrackpore Municipality, SDO, Barrackpore, Station Manager, Barrackpore Railway Station.
**S/d. Uttam Das.**
**Chairman**
**Barrackpore Municipality**

**WEST BENGAL AGRO INDUSTRIES CORPORATION LTD.**
**(A Govt. Undertaking)**
**Registered Office: 23B, Netaji Subhas Road, 3rd Floor, Kolkata-700001**
**NIeT- 352 & 353/ 2025-2026, Dated- 31-10-2025**
e-Tenders are invited by the General Manager on behalf of West Bengal Agro Industries Corpn. Ltd, 23B, Netaji Subhas Road, 3rd Floor, Kolkata-700001 from bonafide and resourceful Agencies for completion of Civil works at Paschim Burdwan and Dakshin Dinajpur District. Tender document may be downloaded from. **http://wbtenders.gov.in**. Bid submission start date- **01-11-2025 after 10:00 am.** Bid submission end date- **21-11-2025 upto 3:00 pm**
Date: 31.10.2025 **Sd/- General Manager**

**WEST BENGAL AGRO INDUSTRIES CORPORATION LTD.**
**( A Govt. Undertaking)**
**Regd.Off: 23B, Netaji Subhas Road, 3rd Floor, Kolkata - 700001**
**NIeT-354,355,356/2025-2026**
**Dated: 01.11.2025 & 03.11.2025**
e-Tenders are invited by the General Manager on behalf of West Bengal Agro Industries Corpn. Ltd, 23B, Netaji Subhas Road, 3rd Floor, Kolkata-700001 from bonafide and resourceful Agencies for completion of Civil works at **Malda, Coochbehar & Alipurduar District.** Tender document may be downloaded from **http://wbtenders.gov.in**. Bid submission start date **03.11.2025 & 04.11.2025 after 10:00 AM**. Bid submission end date **24.11.2025& 25.11.2025 upto 3:00 PM.**
**Date: 03.11.2025** **Sd/-General Manager**

**BELDANGA MUNICIPALITY, Murshidabad**
E-tender is invited by the authority of Beldanga Municipality for–

| Sl. No. | Name of Work | Ref. of Tender | Estimated Cost (Approx) | Last date for submission |
|---|---|---|---|---|
| 1. | Upgradation Floor of conference Room & Mid-Day Meal Kitchen at Conference hall, Beldanga Murshidabad | WB/MAD/ULB/BEL/NIeT-11/2025-26 | 5.76 Lakh | 22.11.2025 at 1.00 PM |
| 2. | Upgradation of Plumbing work and Installation of Iron Removal System at Beldanga Municipal Office premises under Beldanga Municipality, Murshidabad. | | 2.05 Lakh | |

For details visit - **www.municipalitybeldanga.org, www.wbtenders.gov.in**

**BONGAON MUNICIPALITY**
R.C.C. Slab.
**Tender reference: 207/BM/2025-26/APAS, Date: 03.11.2025**
1. Submission Start date- **03.11.2025 at 17.00.** 2. Last date and time of receiving application for tender documents- **07.11.2025 at 14.00.** 3. End date- **18.11.2025 at 14.00.** 4. Opening date- **18.11.2025 at 17.00.** All other information will be available in the office of the Bongaon Municipality.
Sd/- **Chairman**
**Bongaon Municipality.**

**BONGAON MUNICIPALITY**
**CORRIGENDUM - NOTICE**
**N.I.T. NO.: 173/B.M./2025-26/APAS** was mistakenly published twise instead **NIT NO.: 165/B.M./2025-26/APAS,** in Ekdin on **14.10.2025** And nature of work C.C. Road, in ward no 04 under Bongaon Municipality. All other information will be available in the office of the Bongaon Municipality.
Sd/- **Chairman**
**Bongaon Municipality.**

পंजाब नैशनल बैंक ...भरोसे का प्रतीक
punjab national bank ...the name you can BANK upon!

**সার্কেল অফিস: মুর্শিদাবাদ, জেনারেল সার্ভিসেস অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন, ২৬/১১, শহীদ সূর্য সেন রোড, গোরাবাজার, পোঃঅঃ + থানা- বহরমপুর, জেলা - মুর্শিদাবাদ, পিন- ৭৪২১০১, www.pnbindia.in**

**টেন্ডার নোটিশ**

পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক যোগ্য বিডারদের কাছ থেকে **সিও মুর্শিদাবাদের নতুন প্রেমিসেসের নবায়নের** জন্য যৌগিক কাজের জন্য **ওপেন ই-টেন্ডার** আহ্বান করছে। কাজের আনুমানিক খরচ- **৬৫,৭৬,১২১/- টাকা (জিএসটি সহ), ইএমডি- ১,৩২,০০০/- টাকা,** টেন্ডারের খরচ **৫৯০ টাকা** (১৮% জিএসটি সহ)। পুনরায় এনক্রিপশন এবং বিড জমা দেওয়ার শেষ তারিখ হল **১৯.১১.২০২৫ বিকাল ৫টা** পর্যন্ত। বিশদ বিবরণের জন্য, আমাদের ওয়েবসাইট **https://etender.pnbnet.in** দেখুন। উপরিউক্ত কাজের বিষয়ে যেকোনো শুদ্ধিপত্র/ব্যাখ্যা শুধুমাত্র আমাদের ওয়েবসাইট https://pnbindia.in এবং https://etender.pnbnet.in -এ প্রকাশ করা হবে, যা আগ্রহী বিডারদের নিয়মিত দেখার অনুরোধ করা হচ্ছে।
সার্কেল হেড

**TENDER NOTICE**

| N.I.T No. | Name of Work | Estimated Amount |
|---|---|---|
| WBMAD/ULB/RSM/1115/25-26 Daled 18.10.2025 | Estimate for The Construction of Proposed U/G Pipe Line [Dia = 450mm(NP3)] (marked as sl. 1/167) from Garia Place Kalimandir to Towards Hindusthan Connectin Road at Booth No.-167 of Ward No.-29 under Rajpur - Sonarpur Municipality. | Rs. 9,80,216.00 |
| WBMAD/ULB/RSM/1116/25-26 Daled 18.10.2025 | Estimate for The Construction of Proposed C.C. Road (marked as Sl. 2/271) from Shiv Tample to H/o Chanchal Sil at Booth No.-271 of Ward No.-31 under Rajpur - Sonarpur Municipality. | Rs. 7,42,238.00 |

Bid Submission end date: **17.11.2025 at 11-00 hrs.** For more information please visit **http://www.wbtenders.gov.in**
**Sd/- E.O.,**
**Rajpur-Sonarpur Municipality**

**Office of the Tenya-Baidyapur Gram Panchayat**
**P.O-Tenya : P.S-Salar : Dist-Murshidabad**
**Date Corrigendum**
**E-Tender Notice No:- 004/TBGP/2025-26 (2nd Call) Date: 16/10/2025, 005/TBGP/2025-26(2nd Call) Date: 16/10/2025, 006/TBGP/2025-26(2nd Call) Date: 16/10/2025, 007/TBGP/2025-26 (2nd Call) Date: 16/10/2025**
**Tender Id- A) 2025_ZPHD_923994_2 & 2025_ZPHD_923994_4, B) 2025_ZPHD_924846_1 C) 2025_ZPHD_924886_1, D) 2025_ZPHD_924950_1**
The above noted e-N.I.T has been revised as follows. Details tender notice published in the e-tender of P & R.D Govt. of West Bengal Website i.e, **http://wbtenders.gov.in**

| Description | Old Date & Time | New Date & Time |
|---|---|---|
| Last date and time for submission of e-tender | 29/10/2025 up to 5.00 P.M (As per server clock) | Upto 21/11/2025 Up to 11.00 A.M. (as per Server clock) |
| Date of opening of Tender | A) Technical bids : Date- 03/11/2025, After 12.00 Noon(as per server clock) B) Financial bids: To be announced later on. | A) Technical bids : Date- 24/11/2025 After 12.00 Noon (as per server clock) B) Financial bids: To be announced later on. |

Others terms & conditions are same as per original e-tender Notice.
**By Order:-**
**Sd/-Prodhan**
**Tenya-Baidyapur Gram Panchayat**

**পূর্ব রেলওয়ে**
**ই-অকশন বিজ্ঞপ্তি**

**নং. সিভি/এমপিএস/এসডিএএইচ/ই-অকশন** **তারিখ ঃ ৩১.১০.২০২৫**

সিনিয়র ডিভিশনাল কমার্শিয়াল ম্যানেজার, পূর্ব রেলওয়ে, শিয়ালদহ, ৩য় তল, ডিআরএম বিল্ডিং, কাইজার স্ট্রিট, শিয়ালদহ, কলকাতা-৭০০০১৪ কর্তৃক ৫ বছরের জন্য শিয়ালদহ ডিভিশনে ৫টি মাল্টিপারপাস স্টল (এমপিএস) ইউনিটের জন্য আইআরইপিএস পোর্টাল **www.ireps.gov.in**-এর মাধ্যমে ই-অকশন আহ্বান করা হচ্ছে। **অ্যাডমিন ইউনিট/জোন ঃ** শিয়ালদহ ডিভিশন - কমার্শিয়াল/পূর্ব রেলওয়ে, **অকশন ক্যাটালগ নম্বর ঃ এমপিএস-এসডিএএইচ-০৫-২৫, অকশন কর্তৃপক্ষঃ** সিনিয়র ডিভিশনাল কমার্শিয়াল ম্যানেজার, পূর্ব রেলওয়ে, শিয়ালদহ, **বিডিং সিস্টেম ঃ** সাধারণ নিলাম (সিঙ্গেল স্টেজ), **অকশন শুরু (সমস্ত লট) ঃ** ১৭.১১.২০২৫, দুপুর ১টা, **অকশন বন্ধের তারিখ/সময়ঃ** ১৭.১১.২০২৫, দুপুর ২টা ১০ মিনিটে। **অটো এক্সটেনশন জোন ঃ** ১২০ সেকেন্ড। **অটো এক্সটেনশন সময়কাল ঃ** ১২০ সেকেন্ড। **প্রাথমিক কুলিং অফ পিরিয়ড ঃ** ৩০ মিনিট। **ক্রমাগত লট ক্লোজিং ব্যবধানঃ** ১০ মিনিট। **সর্বাধিক অটো এক্সটেনশন ঃ** ১০ বার; যার বিশদ বিবরণ নিম্নরূপ ঃ **এসইকিউ নং., লট নং./ক্যাটাগরি, বিবরণ এবং লটের শেষ তারিখ ও সময়** যথাক্রমেঃ- **এএ/১;** এমপিএস-এসডিএএইচ-কেএনআর-এমপিএস-৬-২৫-১ (এমপিএস - মাল্টি পারপাস স্টল); কাঁকিনাড়া রেলওয়ে স্টেশনে প্ল্যাটফর্ম নং. ২-এ ৫ বছরের জন্য মাল্টিপারপাস স্টল (এমপিএস) (৬ ফুট x ১০ ফুট = ৬০ বর্গফুট) বরাদ্দ; ১৭.১১.২০২৫ দুপুর ১:৩০:০০ টায়। **এএ/২;** এমপিএস-এসডিএএইচ-জিবিজি-এমপিএস-৩-২৫-১ (এমপিএস - মাল্টি পারপাস স্টল); গোবরডাঙ্গা রেলওয়ে স্টেশনে প্ল্যাটফর্ম নং. ১-এ ৫ বছরের জন্য মাল্টিপারপাস স্টল (এমপিএস) (৬ ফুট x ১০ ফুট = ৬০ বর্গফুট) বরাদ্দ; ১৭.১১.২০২৫ দুপুর ১:৪০:০০ টায়। **এএ/৩;** এমপিএস-এসডিএএইচ-এমএমজি-এমপিএস-১১-২৫-১ (এমপিএস - মাল্টি পারপাস স্টল); মধ্যমগ্রাম রেলওয়ে স্টেশনে, প্ল্যাটফর্ম নং ১-এর কাছে নতুন বুকিং অফিস সংলগ্ন ৫ বছরের জন্য মাল্টিপারপাস স্টল (এমপিএস) (৬ ফুট x ১০ ফুট = ৬০ বর্গফুট) বরাদ্দ; ১৭.১১.২০২৫ দুপুর ১:৫০:০০ টায়। **এএ/৪;** এমপিএস-এসডিএএইচ-এইচএলআর-এমপিএস-২-২৫-১ (এমপিএস - মাল্টি পারপাস স্টল); হালিশহর রেলওয়ে স্টেশনে মাস্ট নং. ৪১/২২-এর নিকটে প্ল্যাটফর্ম নং.২-এ ৫ বছরের জন্য জন্য মাল্টিপারপাস স্টল (এমপিএস) (৬ ফুট x ১০ ফুট = ৬০ বর্গফুট) বরাদ্দ; ১৭.১১.২০২৫ দুপুর ২:০০:০০ টায়। **এএ/৫;** এমপিএস-এসডিএএইচ-এমজিটি-এমপিএস-৪-২৫-১ (এমপিএস - মাল্টি পারপাস স্টল); মগরা হাট রেলওয়ে স্টেশনে বুকিং অফিসের নিকটে ৫ বছরের জন্য জন্য মাল্টিপারপাস স্টল (এমপিএস) (৬ ফুট x ১০ ফুট = ৬০ বর্গফুট) বরাদ্দ; ১৭.১১.২০২৫ দুপুর ২:১০:০০ টায়; **রেট ইউনিট ঃ** এএ/১ থেকে এএ/৫ প্রতিটির জন্য বার্ষিক লাইসেন্সিং ফি। **ট্রিপ/দিন ঃ** এএ/১ থেকে এএ/৫ প্রতিটির জন্য ১৮২৬। **ন্যূনতম বৃদ্ধি (%) ঃ** এএ/১ থেকে এএ/৫ প্রতিটির জন্য ০.২। **লট স্ট্যাটাস ঃ** এএ/১ থেকে এএ/৫ প্রতিটি ড্রাফট ক্যাটালগে নতুন।
SDAH-245/2025-26
টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট www.er.indianrailways. gov.in / www.ireps.gov.in-এও পাওয়া যাবে।
আমাদের অনুসরণ করুন : @EasternRailway @easternrailwayheadquarter


Printed and Published by **Krishnanand Singh** on behalf of **Narsingha Broadcasting Pvt. Ltd.** Printed at **LS.Publication, 4, Canal West Road, Kolkata 700015** and Published at **1, Old Court House Corner, 3rd Floor, Room no. 306(S), Tobacco House, Kolkata- 700001** **RNI No. WBBEN/2006/17404,** Phone: 033-4001 9663 email# dailyekdin1@gmail.com **Editor: Santosh Kumar Singh**

নরসিংহ ব্রডকাস্টিং প্রাইভেট লিমিটেড-এর পক্ষে কৃষ্ণানন্দ সিং কর্তৃক ১, ওল্ড কোর্ট হাউস কর্ণার, ৪র্থ তল, রুম নম্বর ৩০৬ (এস), টোবাকো হাউস, কলকাতা-৭০০০০১ থেকে প্রকাশিত ও এলএস পাবলিকেশনস প্রাইভেট লিমিটেড, ৪ ক্যানাল ওয়েস্ট রোড, কলকাতা-৭০০০১৫ থেকে মুদ্রিত। RNI No. WBBEN/2006/17404, ফোন-০৩৩-৪০০১ ৯৬৬৩, ইমেল dailyekdin1@gmail.com সম্পাদক- সন্তোষ কুমার সিং



# টার্গেট





# সাফল্যের আসল চাবিকাঠি; ‘পার্সোনালিটি’ তৈরি করো নিজেই

## ভিড়ের মধ্যে আলাদা হও

অনিন্দ্য কিশোর

পরীক্ষায় ফাটাফাটি রেজাল্ট, দারুণ নম্বর; সবই আছে। কিন্তু ইন্টারভিউ বোর্ডে ঢুকলেই গলা শুকিয়ে কাঠ? বা বন্ধুদের আড্ডায় নিজের কথাগুলি গুছিয়ে বলতে পারো না? এরকম কিন্তু হামেশাই দেখা যায়। স্কুলে যে ছেলেটি বা মেয়েটি ফার্স্ট হত, সে হয়তো কেরিয়ারের দৌঁড়ে পিছিয়ে পড়ল। আর যে হয়তো ৬০ শতাংশ পেত, সে-ই দিব্যি কোম্পানি মাত করে বেড়াচ্ছে!

এর কারণ কী? একটিই; পার্সোনালিটি। ওই ভারি মার্কশিট তোমাকে চাকরির প্রথম কলটি পাইয়ে দেবে, কিন্তু ইন্টারভিউ রুমের দরজা ঠেলে ঢোকা থেকে শুরু করে প্রমোশন, সবটিই নির্ভর করছে তোমার ব্যক্তিত্বের উপর। ব্যক্তিত্ব মানে কিন্তু ধোপদুরস্ত পোশাক বা গড়গড় করে ইংরেজি বলা নয়। এটি হল তোমার ভেতরের সেই ‘ব্যাপার’, যা ভিড়ের মধ্যেও তোমাকে আলাদা করে চেনায়। আর এই ‘পার্সোনালিটি’ তৈরির আসল সময়ই হল স্কুল থেকে কলেজে ওঠার এই বয়স।



### দুনিয়া কাঁপানো ব্যক্তিত্বরা কী বলেছেন, দেখে নাও একবার

**জওহরলাল নেহরু**

জীবন তাস খেলার মতো। যে তাসগুলি পেলে সেটি তোমার নিয়তি; কিন্তু তুমি যে ভাবে খেলবে, সেটিই তোমার ইচ্ছাশক্তি (ব্যক্তিত্ব)

**অস্কার ওয়াইল্ড**

তুমি তোমার মতোই থেকো; বাকি সবাই তো ইতিমধ্যেই বুকড। (তোমার মৌলিকতাই তোমার আসল ব্যক্তিত্ব)।

**নেলসন ম্যান্ডেলা**

জীবনের আসল মাহাত্ম্য কখনও পড়ে না যাওয়ার মধ্যে নেই, বরং প্রতিবার পড়ে গিয়ে আবার উঠে দাঁড়ানোর মধ্যে আছে। (ব্যর্থতাকে সামলে ঘুরে দাঁড়ানোর ক্ষমতাইই শক্তিশালী ব্যক্তিত্বের পরিচয়)।

**ড. এপিজে আবদুল কালাম**

আত্মবিশ্বাস আর কঠোর পরিশ্রমই হল ব্যর্থতা নামকঅসুখটিকে মারার সেরা ওষুধ। (নিজের উপর ভরসাই ব্যক্তিত্বের প্রথম ধাপ)।

**মহাত্মা গান্ধী**

দুনিয়ায় যে পরিবর্তনটি তুমি দেখতে চাও, সেটি আগে নিজের মধ্যে নিয়ে এসো। (তোমার চরিত্র আর কাজই হবে তোমার আসল পরিচয়)।

### ব্যক্তিত্ব জিনিসটি ঠিক কী?

সোজা কথায়, পার্সোনালিটি হল তোমার কথা বলার ভঙ্গি, তোমার ভাবনাচিন্তা, তোমার ব্যবহার আর তোমার নিজের উপর ভরসা; এই সবকিছুর একটি প্যাকেজ। এটি তোমার সেই ‘চুম্বক’, যা অন্য লোকেদের তোমার দিকে টানে, তোমার কথা শুনতে বাধ্য করে।

### পার্সোনালিটি গ্রুমিং-এর দশ সহজ টিপস্

স্কুলের নিয়মকানুন আর কলেজের স্বাধীনতার এই ককটেল টাইমকে কাজে লাগাও। নীচের এই দশটি জিনিস প্র্যাকটিস করলে, কেরিয়ারে তোমাকে কেউ আটকাতে পারবে না।

### গুছিয়ে কথা বলতে শেখো

কঠিন কঠিন শব্দ ব্যবহার করা আসল নয়, আসল হল নিজের ভাবনাটি সহজ করে বোঝানো। বন্ধুকে হোয়াটস্যাপ করার ভাষা আর কলেজের প্রফেসরকে ইমেল করার ভাষা যে এক নয়, এই কমন সেন্স তৈরি করতে হবে। কখন, কোথায়, কতটা বলা উচিত, আর কোনটি বলা একেবারেই উচিত নয়, সেই বিচারবোধ তৈরি করাই হল ‘স্মার্ট কমিউনিকেশন’।

### ভাল ‘লিসনার’ (শ্রোতা) হও

আমরা সবাই বলতে ভালবাসি, কিন্তু শুনতে কেউ চাই না। অথচ, একজন ভাল বক্তা হওয়ার প্রথম ধাপ হল ভাল শ্রোতা হওয়া। কেউ কথা বললে, মোবাইলের স্ক্রিন থেকে চোখ সরিয়ে তার চোখের দিকে তাকিয়ে শোনো। এতে শুধু সম্মানই দেখানো হয় না, তুমি নিজেও অনেক কিছু শিখতে পারো এবং ভাল সম্পর্ক তৈরি করতে পারো।

### সিলেবাসের বাইরেও পড়ো

পাঠ্যবই তোমাকে নম্বর এনে দেবে, কিন্তু আড্ডা বা আলোচনায় বলার মতো রসদ জোগাবে না। রোজকার খবরের কাগজ উল্টে-পাল্টে দেখো। গল্পের বই পড়ো, ভাল সিনেমা দেখো, ভ্রমণকাহিনি পড়ো। চারপাশের দুনিয়ায় কী ঘটছে না জানলে, তোমার কথার কোনও গভীরতাই থাকবে না। যখন তুমি কোনও আলোচনায় একটি অন্য রেফারেন্স টেনে কথা বলবে, তখনই তুমি বাকিদের থেকে আলাদা হয়ে উঠবে।

### মঞ্চে উঠে কথা বলো

বুক ধড়ফড়, গলা কাঁপা, হাত-পা ঠান্ডা; স্টেজে ওঠার ভয় (স্টেজ ফ্রাইট) আমাদের সবারই লাগে। এই ভয় কাটানোর একটিই ওষুধ; ভয়ের মুখোমুখি হওয়া। ডিবেট, কুইজ, কলেজের ফেস্টে বক্তৃতা; যেখানে সুযোগ পাবে, নাম দিয়ে দাও। প্রথমবার হয়তো খুব খারাপ পারফর্ম করবে, লোকে হাসতেও পারে। কিন্তু তোমার ভিতরের জড়তা কেটে যাবে। এটি একটি স্কিল, প্র্যাকটিস করলেই আয়ত্তে আসবে।

### ‘বডি ল্যাঙ্গুয়েজ’ ঠিক করো

তুমি কী ভাবে বসছ, কী ভাবে দাঁড়াচ্ছ, সেটিও তোমার পার্সোনালিটির এক বড় অংশ। কুঁজো হয়ে বসা বা পা নাড়ানো; এগুলি তোমার নার্ভাসনেস বা আত্মবিশ্বাসের অভাব দেখায়। সোজা হয়ে বসো, চোখে চোখ রেখে কথা বলো। হ্যান্ডশেক করার সময় মরা মাছের মতো হাত বাড়িয়ে দিয়ো না। আবার এমন চেপেও ধোরো না, যে লোকে ব্যথা পায়। একটি ‘ফার্ম-হ্যান্ডশেক’ তোমার কনফিডেন্স দেখায়।

### একটি শখ (হবি) তৈরি করো

পড়াশোনার বাইরেও তোমার একটি জগৎ থাকা ভীষণ দরকার। গিটার, ফুটবল, আঁকা, ফটোগ্রাফি, কোডিং; যে কোনও একটি কিছু। একটি শখ তোমাকে ডিসিপ্লিন শেখায়, ধৈর্য ধরতে শেখায় আর পাঁচজনের থেকে আলাদা করে তোলে। তা ছাড়া, হবি তোমাকে একজন ‘ইন্টারেস্টিং’ মানুষ হিসেবেও তুলে ধরবে, যার সঙ্গে লোকে কথা বলতে চাইবে।

### টাইম ম্যানেজমেন্ট শেখো

স্কুলে একটি বাঁধা রুটিন ছিল, কলেজে সব ফাঁকা। এই স্বাধীনতাকেই কাজে লাগাতে হবে। কোন কাজটি বেশি জরুরি, কোনটি পরে করলেও চলবে, সেই প্রায়োরিটি লিস্ট বানাতে শেখো। ডায়েরিতে বা মোবাইলে নিজের কাজের লিস্ট বানানোর অভ্যেস করো। সময়ের কাজ সময়ে করলে শুধু কাজই ভাল হয় না, স্ট্রেসও কমে। এটি প্রফেশনাল জীবনের প্রথম পাঠ।

### ‘না’ বলতে শেখো

বন্ধুদের পাল্লায় পড়ে বা চক্ষুলজ্জার খাতিরে অনেক সময় আমরা ‘না’ বলতে পারি না। এটি একটি মস্ত বড় দুর্বলতা। যে কাজটি তুমি করতে চাও না, বা যেটি করা তোমার ঠিক মনে হচ্ছে না, সেটি বিনয়ের সঙ্গে কিন্তু স্পষ্ট করে ‘না’ বলতে শেখা খুব দরকার। এটি তোমার নিজের সময় ও নীতির প্রতি সম্মান দেখায়।

### প্রশ্ন করতে শেখো

চারপাশে যা দেখছ, তা নিয়েই প্রশ্ন করো। এটি কেন হল? ওটি কী ভাবে কাজ করে? এই ‘কেন’ আর ‘কী ভাবে’ তোমাকে নতুন জিনিস শিখতে সাহায্য করবে। ক্লাসরুমে চুপ করে বসে না থেকে প্রশ্ন করো। কৌতূহল শুধু তোমার জ্ঞান বাড়ায় না, তোমার প্রবলেম সলভিং স্কিলও (সমস্যা সমাধানের ক্ষমতা) ধারালো করে।

### অন্যের কথাও ভাবো


পার্সোনালিটি মানে শুধু ‘স্মার্ট’ হওয়া নয়, ‘ভাল মানুষ’ হওয়াও জরুরি। অন্যের সুবিধা-অসুবিধা বোঝার চেষ্টা করো। যাকে বলে ‘এমপ্যাথি’। শুধু নিজেরটি না ভেবে, অন্যকে সাহায্য করার মানসিকতা রাখো। টিমের মধ্যে কাজ করার ক্ষেত্রে বা ভবিষ্যতে লিডার হওয়ার জন্য এই গুণ থাকা মাস্ট।

### শেষ কথা

পার্সোনালিটি একদিনে তৈরি হয় না, এটি একটি রোজকার অভ্যাসের ব্যাপার। স্কুল-কলেজের এই সময়ই হল ভিত তৈরির সেরা সময়। মার্কশিট তোমাকে ইন্টারভিউর দরজা পর্যন্ত পৌঁছে দেবে, কিন্তু ঘরের ভেতরের আসল খেলা তোমার পার্সোনালিটিই খেলবে!




## ‘পাপ্পু, টাপ্পু আর আপ্পু’; মহাগঠবন্ধনের ৩ ‘বানর’ বলে কটাক্ষ করলেন যোগী



**ভাঙর ও মুজফ্ফরপুর, ৩ নভেম্বর:** বিহার বিধানসভা নির্বাচনের প্রচার এখন তুঙ্গে। এই আবহে দারভাঙা ও মুজফ্‌ফরপুরে পরপর দু’টি জনসভায় মহাগঠবন্ধনের বিরুদ্ধে তীব্র আক্রমণ শানালেন উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। ভাষণের শুরুতেই তিনি বলেন, ‘মহাত্মা গান্ধীর তিন বানর আপনি নিশ্চয়ই শুনেছেন। আজ ইন্ডি জোটেরও তিন বানর ঘুরে বেড়াচ্ছে বিহারে; পাপ্পু, টাপ্পু আর আপ্পু!’

যোগীর তির্যক মন্তব্যে যদিও কারও নাম উচ্চারণ করা হয়নি, ইঙ্গিত স্পষ্ট; কংগ্রেস নেতা রাহুল গান্ধী, সমাজবাদী পার্টির প্রধান অখিলেশ যাদব এবং আরজেডি নেতা তেজস্বী যাদবের দিকেই নিশানা ছিল তাঁর। যোগীর বক্তব্য, ‘পাপ্পু সত্য বলতে পারে না, টাপ্পু ভালো দেখতে পারে না, আর আপ্পু সত্য শুনতেও পারে না। এই তিনজন বিহারের উন্নয়ন দেখতে পান না। তারা মাফিয়া ও রাজনীতিক স্বজনদের নিয়ে রাজ্যের নিরাপত্তায় ফাটল ধরাতে চাইছে।’

দারভাঙার কেওটি কেন্দ্রে বিজেপি প্রার্থী মুরারি মোহন ঝার সমর্থনে প্রচার সভায় যোগী বলেন, ‘এই তিন বানর মিলে বিহারকে আবার অন্ধকারে টানতে চাইছে। এরা গোষ্ঠীদ্বন্দ্ব, জাতপাতের রাজনীতি আর পরিবারতন্ত্রের দাস।দ তাঁর কটাক্ষ, তযে জোটে ‘পাপ্পু-টাপ্পু-আপ্পু’র মতো নেতারা থাকে, সেখানে দেশের বা রাজ্যের উন্নয়ন নয়, শুধু পরিবার আর সঙ্গী দুষ্কৃতীদের উন্নয়নই লক্ষ্য।’

আরজেডি প্রধান লালু প্রসাদ যাদবের নাম টেনে যোগীর মন্তব্য, ‘লালু জমানায় ১৫ বছর ধরে বিহারে উন্নয়ন বলে কিছু ছিল না। তিনি শুধু নিজের পরিবারকে উন্নত করেছেন। যেখানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ১৪০ কোটির দেশকে নিজের পরিবার বলেন, সেখানে লালুর কাছে তাঁর পরিবার মানে রাবড়ি দেবী ও তাঁর সন্তানরা।’

যোগী আদিত্যনাথের দাবি, ‘বিহারে আবারও এনডিএ সরকার এলে তবেই সত্যিকারের রামরাজ্য প্রতিষ্ঠা হবে। মিথিলার মানুষ একজোট হয়ে এনডিএর জয় নিশ্চিত করবেন।’ পরবর্তীতে সোশ্যাল মিডিয়ায় তিনি লেখেন, ‘বিহারের মাটি রাম-জানকীর মাটির মতোই পবিত্র। উত্তরপ্রদেশ ও বিহারের সম্পর্ক শুধু সীমান্তের নয়; এটি সংস্কৃতি, আত্মা ও অঙ্গীকারের সম্পর্ক।’ মুজফ্‌ফরপুরের সভায় যোগী অতীতের আরজেডি শাসনকালকে তুলাধোনা করে বলেন, ‘১৯৯২ থেকে ২০০৫ পর্যন্ত বিহারে সন্ধ্যা ৬টার পর ঘর থেকে বেরোনো যেত না। আইনশৃঙ্খলা বলে কিছুই ছিল না। পাটনা হাইকোর্ট পর্যন্ত মন্তব্য করেছিল; বিহারে সরকার নয়, গুন্ডারা শাসন করছে। প্রশ্নপত্র ফাঁস হত, চাষিরা বাধ্য হয়ে ঘর ছেড়ে পালাতেন, উদ্যোক্তারা বিনিয়োগ করতে ভয় পেতেন।’

তিনি আরও বলেন, ‘যখন মানুষ বলত; সড়ক চাই, উন্নয়ন চাই; তখন তারা বলত, রাস্তা হলে পুলিশ আসবে! সেই ভয় আর অরাজকতার রাজত্বে ফিরতে চায় এই মহাগঠবন্ধনের তিন বানর। এই খানদানি লুটেরারা মাফিয়াদের জন্ম দিয়েছে, আর এখন সেই মডেল ফের আনতে চাইছে।’ সভায় যোগী আদিত্যনাথ বলেন, ‘উত্তরপ্রদেশ ও বিহার কেবল প্রতিবেশী রাজ্য নয়, এরা এক আত্মার দুই অংশ। রাম-জানকীর সম্পর্কের মতোই অবিচ্ছেদ্য এই বন্ধন।’ তিনি বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমারের কাজেরও প্রশংসা করে বলেন, ‘নীতীশজির নেতৃত্বে বিহার উন্নয়নের পথে ফিরে এসেছে, এনডিএ সেই পথেই এগিয়ে নিয়ে যাবে।’!

‘বিহারে পরিবারতন্ত্রের রাজনীতি আর চলবে না। যারা শুধু নিজের ঘর সামলায়, তারা রাজ্যের ঘর সামলাতে পারবে না। জনগণ এবার উন্নয়নের পক্ষে, মাফিয়া-রাজনীতির বিরুদ্ধে।’ উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রীর এই আক্রমণাত্মক বক্তৃতায় এনডিএ শিবিরে স্পষ্ট উচ্ছ্বাস দেখা দিয়েছে। অন্যদিকে মহাগঠবন্ধনের শিবিরে তীব্র প্রতিক্রিয়া। বিহার নির্বাচনের শেষ দফার ভোটের আগে যোগীর এই ভাষণ রাজনৈতিক তাপমাত্রা আরও বাড়িয়ে দিয়েছে।

## ৬ নভেম্বরেই শেষ হয়ে যাবে তেজস্বী যাদবের গল্প; কটাক্ষ নিত্যানন্দ রায়ের



**ভাঙর ও মুজফ্ফরপুর, ৩ নভেম্বর:** বিহার বিধানসভা নির্বাচনের প্রথম দফার ভোট নির্ধারিত ৬ নভেম্বর। তার আগেই রাজ্যের রাজনৈতিক ময়দানে শুরু হয়েছে কড়া বাকযুদ্ধ। রবিবার পাটনায় তেজস্বী যাদবের মন্তব্য ঘিরে সরগরম হয়ে উঠেছে রাজনীতি। আরজেডি নেতার দাবি, তিনি ১৮ নভেম্বর মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নেবেন। সেই বক্তব্যকেই হাতিয়ার করে তীব্র আক্রমণ শানালেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিত্যানন্দ রায়।

নিত্যানন্দের কটাক্ষ, ‘তেজস্বী যাদব বুঝি ভবিষ্যৎবাণী করছেন! কোন ভিত্তিতে তিনি শপথগ্রহণের তারিখ ঠিক করে ফেলছেন? আরজেডির পরিণতি ৬ নভেম্বরেই স্পষ্ট হয়ে যাবে। প্রথম দফার ভোটেই তাদের সাফ করা হবে।’

বিজেপি নেতা আরও বলেন, ‘তেজস্বী যাদবের এই স্বপ্ন দেখার অভ্যেস নতুন নয়। ২০২০ সালেও এমনই ভ্রান্ত কল্পনা করেছিলেন তিনি। তখন তাঁর দল রাজ্যে এমন পরিবেশ তৈরি করেছিল, যেন দুই দিনেই ফের ‘জঙ্গলরাজ’ ফিরে এসেছে। সেই অভিজ্ঞতার পর বিহারের মানুষ আর কখনও আরজেডিকে ক্ষমতায় ফেরাবে না।’

নিত্যানন্দের বক্তব্য, ‘বিহারবাসী এখন শান্তি ও উন্নয়ন চায়; যা কেবল এনডিএ সরকারের পক্ষেই সম্ভব। তাই এবারের নির্বাচনে মানুষ ভোট দেবে স্থিতিশীলতা ও নিরাপত্তার পক্ষে।’

তেজস্বীর শপথগ্রহণ সংক্রান্ত মন্তব্য প্রসঙ্গে কেন্দ্রীয় মন্ত্রী বলেন, ‘এই নির্বাচনের পর বিহারে আবারও সুশাসনের সরকার গঠিত হবে। আরজেডির কাহিনি শেষ হয়ে যাবে। মানুষ কখনও তাঁদের সমর্থন করবে না, যাঁদের নাম শুনলেই ভয়ের পরিবেশ তৈরি হয়।’

নিত্যানন্দের অভিযোগ, ‘ভোটের আগেই আরজেডি এমন এক আতঙ্কের আবহ সৃষ্টি করেছে, যাতে সাধারণ ভোটাররা ভয় পাচ্ছেন। এমনকি তাদের প্রচারগানগুলোও হুমকিমূলক, যা শুনে মানুষ বুঝে যাচ্ছে, এরা কেমন শাসন ফিরিয়ে আনতে চায়।’

তেজস্বীর সাম্প্রতিক মন্তব্যকে নিত্যানন্দ রায় ‘অহঙ্কারী’ বলে কটাক্ষ করেন। তাঁর ভাষায়, ‘জনগণের রায় এনডিএ-র সঙ্গেই রয়েছে। তেজস্বী যাদবের এই শপথগ্রহণের কথা বলা নিছক দম্ভ ছাড়া কিছু নয়।’

তিনি আরজেডি-র দুর্বল অবস্থার তুলনা টেনে বলেন, ‘যেমনভাবে গাছ থেকে সব পাকা আম ঝরে গেলে ডালে কেবল শুকনো কয়েকটা ফল ঝুলে থাকে, ঠিক তেমনই এ বার নির্বাচনের শেষে আরজেডির দখলে থাকবে হাতে গোনা কয়েকটি আসন।’

এর আগে চিরাগ পাসোয়ান তেজস্বীকে সতর্ক করে বলেছিলেন, ‘অহঙ্কার ঠিক নয়।’ তার পরদিনই নিত্যানন্দ রায়ের এই মন্তব্যে স্পষ্ট; এনডিএ জোটের তরফে এখন তেজস্বীই প্রধান নিশানা।

বিহারজুড়ে এনডিএ নেতারা প্রচারে জোর দিচ্ছেন যে, ‘উন্নয়ন আর আইনশৃঙ্খলার বিকল্প নেই।’ অন্যদিকে মহাগঠবন্ধনের (ইন্ডি জোট) প্রচার মূলত যুবসমর্থন আর কর্মসংস্থানের প্রতিশ্রুতিতে ভর করে এগোচ্ছে।

বিহারের প্রথম দফার ভোটে ১৮টি জেলার ১২১টি আসনে ভোটগ্রহণ হবে ৬ নভেম্বর সকাল ৭টা থেকে বিকেল ৫টা পর্যন্ত। তার পরেই স্পষ্ট হয়ে যাবে, নিত্যানন্দ রায়ের ভবিষ্যদ্বাণী কতটা মিলল আর তেজস্বীর ‘স্বপ্ন’-এর পরিণতি কী হয়।

## ‘এইবার বিজেপি নীতীশকে মুখ্যমন্ত্রী করবে না’; বিস্ফোরক দাবি তেজস্বী যাদবের



**পাটনা, নভেম্বর ৩:** বিহার বিধানসভা নির্বাচনের প্রথম দফার ভোটে আর মাত্র দু’দিন বাকি। ভোট যত ঘনিয়ে আসছে, ততই চড়ছে রাজনৈতিক তরজার সুর। একদিকে এনডিএ কংগ্রেস ও আরজেডিকে নিশানা করছে, অন্যদিকে আরজেডি নেতা তেজস্বী যাদব সরাসরি আক্রমণ শানাচ্ছেন বিজেপি, জেডিইউ জোটের দিকে। রবিবার পাটনায় সাংবাদিক বৈঠকে তিনি তীব্র মন্তব্য করেন, ‘এইবার বিজেপি নীতীশ কুমারকে মুখ্যমন্ত্রী করবে না; এটা এখন একেবারেই স্পষ্ট।’ সাংবাদিকদের প্রশ্নে উঠে আসে, গত রবিবার পাটনায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর রোডশো,তে মুখ্যমন্ত্রী নীতীশ কুমারকে দেখা যায়নি; এই অনুপস্থিতি নিয়ে তেজস্বীর প্রতিক্রিয়া কী? জবাবে তিনি বলেন, ‘এর মধ্যে আশ্চর্যের কিছু নেই। বিজেপির কৌশল এখন পরিষ্কার। ওরা নীতীশজিকে আর মুখ্যমন্ত্রী হিসেবে চায় না। এবারে ফ্রন্টফুটে বিজেপির বড় নেতারাই খেলছে।’ তেজস্বীর আরও অভিযোগ, ‘নির্বাচনী ইশতেহার প্রকাশের সময় নীতীশজিকে বক্তব্য রাখার সুযোগ দেওয়া হয়নি। যেসব সভায় তিনি যাচ্ছেন, সেখানে তাঁকে কার্যত নির্বাক রাখা হচ্ছে। বিজেপি স্পষ্ট বুঝিয়ে দিচ্ছে, নীতীশ কুমারের জায়গা এখন কোথায়।’ রবিবার মোকামা ও আরা,নবাদা জনসভায় প্রধানমন্ত্রী মোদীর বক্তব্য নিয়েও তেজস্বী তোপ দাগেন। মোদী দাবি করেছিলেন, ‘আরজেডি নাকি কংগ্রেসের কপালে বন্দুক ঠেকিয়ে তেজস্বীকে মুখ্যমন্ত্রী পদপ্রার্থী ঘোষণা করিয়েছে।’ এর জবাবে তেজস্বীর প্রতিক্রিয়া, ‘যার যেমন চিন্তা, তার তেমন ভাষা। হয়তো প্রধানমন্ত্রী নিজেই রাজনীতি করতে গিয়ে এমন চাপ প্রয়োগের অভ্যেসে অভ্যস্ত, তাই অন্যদেরও তেমন ভাবছেন। আমি এ বিষয়ে মন্তব্য করতে চাই না।’ তেজস্বীর অভিযোগ, ‘আমি এমন প্রধানমন্ত্রী দেখিনি যিনি জনসভায় মূল ইস্যু এড়িয়ে ২০ বছর আগের কথা টানেন। বিহারের উন্নয়ন, বেকারত্ব, মূল্যবৃদ্ধি; এসব বিষয়ে তাঁর কোনও দৃষ্টিভঙ্গি নেই। তাই পুরনো গল্প টেনে এনে মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা চলছে।’ আরজেডি নেতার দাবি, ‘বিহারে এনডিএ শিবিরে বিজেপি এখন নিজস্ব মুখ্যমন্ত্রী প্রার্থী খুঁজছে। নীতীশজির ভূমিকা ক্রমেই গৌণ হয়ে পড়ছে। যে জোটে একদল অন্য দলকে প্রকাশ্যে ছোট করে, সেখানে জনগণ আর আস্থা রাখবে না।’ তাঁর সংযোজন, ‘বিজেপি আগে থেকেই জানে; নির্বাচনের পরে ওরা নিজের মুখ সামনে আনবে। নীতীশ কুমার কেবল নামমাত্র মুখ্যমন্ত্রী। কিন্তু বিহারের মানুষ এই নাটক এখন বুঝে গিয়েছে।’ এদিকে ৬ নভেম্বরের ভোটকে ঘিরে প্রশাসন ভারত,নেপাল সীমান্তে ৩ থেকে ৭ নভেম্বর পর্যন্ত কড়া নজরদারি চালু করেছে। সীমান্ত সম্পূর্ণ সিল থাকবে, এবং এই সময় দুই দেশের মধ্যে যাতায়াত সম্পূর্ণরূপে বন্ধ থাকবে। বিহারের প্রথম দফার ভোটে ১৮টি জেলার ১২১টি আসনে ভোটগ্রহণ হবে ৬ নভেম্বর সকাল ৭টা থেকে বিকেল ৫টা পর্যন্ত। নির্বাচনের ঠিক আগে তেজস্বী যাদবের এই বক্তব্যে রাজনৈতিক মহলে নতুন করে চাঞ্চল্য ছড়িয়েছে।